বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতায় ২০১৭-১৮ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় / জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	১০	১০	০	০	৭	৯	• ৭৬% • ৪০০%	৮	• -৩৩.৩৮% • ৩৩৭.৫৭%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ১০ (দশ)

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

গ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

ঘ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

ঙ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ রক্ষণাবেক্ষণ	প্রকল্পের মাধ্যমে নির্মিত স্থাপনা, পাইপলাইন ও যন্ত্রপাতিসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
৩.২ Feasibility Study'র সুপারিশ অনুসরণ না করা	ভবিষ্যতে Land Based LNG Terminal স্থাপন কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্নের জন্য উল্লিখিত সম্ভাব্যতা সমীক্ষার (Feasibility Study) সুপারিশের যথোপোযুক্ত ব্যবহার নিশ্চিত করতে হবে;
৩.৩ ডিপিপি/টিপিপিতে স্টিয়ারিং কমিটির (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না রাখা	প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;
৩.৪ দেশীয় প্রতিষ্ঠানের সক্ষমতাকে ব্যবহার করা	ভবিষ্যতে সাইসমিক জরীপ পরিচালনার জন্য দেশীয় প্রতিষ্ঠান BAPEX এর সক্ষমতার সর্বোচ্চ ব্যবহারের লক্ষ্যে মন্ত্রণালয় এবং পেট্রোবাংলা কর্তৃক যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে;
৩.৫ সমজাতীয় প্রকল্প বাস্তবা য়নের অভিজ্ঞতাকে কাজে না লাগানো	ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে যাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করা যায় সেজন্য এ প্রকল্পের অভিজ্ঞতাসমূহ অনুসরণ করতে হবে
৩.৬ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।

কক্সবাজারের মহেশখালীতে (সোনাদিয়ার উত্তর) ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে কারিগরী ও অর্থনৈতিক সম্ভাব্যতা সমীক্ষা এবং ইঞ্জিনিয়ারিং সেবা কাজ সম্পাদন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৮)

১। প্রকল্পের নাম : Techno Economic Feasibility Study and Engineering Services for Construction of Land Based LNG Terminal at Moheshkali (North Side of Sonadia Island) Cox's Bazar (কক্সবাজারের মহেশখালীতে (সোনাদিয়ার উত্তর) ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে কারিগরী ও অর্থনৈতিক সম্ভাব্যতা সমীক্ষা এবং ইঞ্জিনিয়ারিং সেবা কাজ সম্পাদন)" শীর্ষক প্রকল্প ।

২। প্রকল্পের অবস্থান : সোনাদিয়া, মহেশখালী, কক্সবাজার ।

৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলার)'র আওতাধীন রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়/ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ।

৫। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল :

লক্ষ টাকা

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	১২০৯.৩২	-	-	-	এপ্রিল, ২০১৭	সেপ্টেম্বর, ২০১৭	-	-
সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে)	১২০৯.৩২	-	-	-	এপ্রিল, ২০১৭	মার্চ, ২০১৮	-	১০০%
সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে)	১২০৯.৩২	-	-	-	এপ্রিল, ২০১৭	জুন, ২০১৮	-	১৫০%
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম, ২য় .....প্রযোজ্য ক্ষেত্রে)	১২০৯.৩২	-	-	-	এপ্রিল, ২০১৭	জুন, ২০১৮	-	১৫০%

৬। **প্রকল্পের অবস্থান:**

স্থান	বিভাগ	জেলা	উপজেলা
সোনাদিয়া, মহেশখালী, কক্সবাজার	চট্টগ্রাম	কক্সবাজার	মহেশখালী

৭। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন: প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ-

(লক্ষ টাকায়)

ক্র:নং	অঙ্গের নাম	একক	পিএফএস অনুযায়ী লক্ষ্যমাত্রা (বৈ:মু:)		সর্বশেষ ৩০ জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি (বৈ:মু:)		চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা (বৈ:মু:)		চলতি অর্থবছরের সর্বশেষ মাস পর্যন্ত অগ্রগতি (বৈ:মু:)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
০১	**০২**	**০৩**	**০৪**		**০৫**		**০৬**		**০৭**	
১।	সরবরাহ ও সেবা	থোক	থোক							
	টিএ/ডিএ কনভেন্স ফর কাউন্টার পার্সনেল	থোক	থোক	৩.৫	-	১.৩৮	-	১.৩৮	-	১.৩৮
	ভ্যাট	থোক	থোক	১২৬.১১	-	১২০.৭৩	-	১২০.৭৩	-	১২০.৭৩
	এআইটি	থোক	থোক	২১২.৩১	-	২০৬.০৭	-	২০৬.০৭	-	২০৬.০৭
	ইন্টারনেট ওয়াইফাই	থোক	থোক	.৫	-	-	-	-	-	-
	কাগজ, স্টেশনারী,সিল এন্ড স্ট্যাম্প,স্পাইরাল বাইন্ডিং	থোক	থোক	১.৩৫	-	০.১৪	-	০.১৪	-	.১৪
	ক্যাপাসিটি বিল্ডিং ট্রেনিং	থোক	থোক	২.৫	-	-	-	-	-	-
	আপ্যায়ন	থোক	থোক	১.০	-	০.১২	-	০.১২	-	.১২
	কন্সালটেন্সি সার্ভিসেস	জন মাস	জন মাস	৫৭৪.৬৫৮ (৫১৭.৭৭২)	-	৫৬৯.৮২১ (৫১৬.১১)	-	৫৬৯.৮২১ (৫১৬.১১)	-	৫৬৯.৮২১ (৫১৬.১১)
	ক) স্থানীয় পরামর্শক	জন মাস	জন মাস	৫২.৭৭	-	৪৯.৯৯	-	৪৯.৯৯	-	৪৯.৯৯
	খ) বৈদেশিক পরামর্শক	জন মাস	জন মাস	৯৪.৮৪	-	৯০.০১	-	৯০.০১	-	৯০.০১
	সম্মানী	থোক	থোক	২.০	-	০.৮৪	-	০.৮৪	-	.৮৪
	ফটোকপি	থোক	থোক	০.৪		০.০৮	-	০.০৮		০.০৮

ক্র:নং	অঙ্গের নাম	একক	পিএফএস অনুযায়ী লক্ষ্যমাত্রা (বৈ:মু:)		সর্বশেষ ৩০ জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি (বৈ:মু:)		চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা (বৈ:মু:)		চলতি অর্থবছরের সর্বশেষ মাস পর্যন্ত অগ্রগতি (বৈ:মু:)	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক
০১	**০২**	**০৩**	**০৪**		**০৫**		**০৬**		**০৭**	
	ইকুইপমেন্ট অফ কনসালটেন্ট ফর সার্ভে , ইনভেস্টিগেশন এন্ড ডাটা কালেকশন	থোক	থোক	২৬৬.০৭৫ (২৪৪.৮০৫)	-	২৩৬.০৩১ (২১৬.৮৯)	-	২৩৬.০৩১ (২১৬.৮৯)	-	২৩৬.০৩১ (২১৬.৮৯)
মোট রাজস্ব ব্যয়				১১৯০.৪০ (৭৬২.৫৭)		১১৩৫.২১ (৭৩৩.০০)	-	১১৩৫.২১ (৭৩৩.০০)		১১৩৫.২১ (৭৩৩.০০)
	সম্পদ সংগ্রহ/ক্রয়									
	অফিস ইক্যুইপমেন্ট ফর কাউন্টার পার্ট পারসোনাল	থোক	থোক	৫.৩৭		৪.৬৩	-	৪.৬৩	-	৪.৬৩
	কম্পিউটার সফটওয়ার, কম্পিউটার এক্সেসরিস এন্ড কনসুম্যাবলস ফর কাউন্টারপার্ট পারসোনাল	থোক	থোক	০.৭৫	-	০.৪	-	০.৪	-	০.৪
	অফিস ফার্নিচার, ফিক্সার এন্ড ফার্নিশিং ফর কাউন্টার পার্ট পারসোনাল	থোক	থোক	১২.৮০	-	৯.৪৩	-	৯.৪৩	-	৯.৪৩
মোট মূলধন ব্যয়:				১৮.৯২	-	১৪.৪৬	-	১৪.৪৬	-	১৪.৪৬
সর্বমোট (রাজস্ব + মূলধন):				**১২০৯.৩২** (৭৬২.৫৭)	**-**	**১১৪৯.৬৭** (৭৩৩.০০)	**-**	**১১৪৯.৬৭** (৭৩৩.০০)	**-**	**১১৪৯.৬৭** (৭৩৩.০০)

*ফিজিবিলিটি স্টাডি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হওয়ায় বাস্তব অগ্রগতি ১০০%।

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

প্রকল্প সমাপ্ত প্রতিবেদ নের তথ্য এবং সরজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের অগ্রগতি ১০০% । প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৯। পটভূমিঃ

Economic Feasibility Study and Engineering Services for Construction of Land Based LNG Terminal at Moheshkali (North Side of Sonadia Island) Cox's Bazar শীর্ষক প্রকল্প টি কক্সবাজার জেলার মহেশখালিতে ১০০০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে কারিগরী ও অর্থনৈতিক সম্ভাব্যতা সমীক্ষা এবং ইন্জিনিয়ারিং সেবা কাজ সম্পাদন করার উদ্দেশ্যে গ্রহণ করা হয়েছিল। মূল প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১২১০৯.৩২ লক্ষ টাকা । প্রকল্পটি বাস্তবায়ন মেয়াদ এপ্রিল , ২০১৭ হতে জুন, ২০১৮ পর্যন্ত। গত ১৫/০৬/২০১৭ খ্রিঃ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রকল্পটির প্রশাসনিক অনুমোদন দেয়া হয়।

১০। উদ্দেশ্যঃ ডিপিপি অনুসারে প্রকল্পের উদ্দেশ্য নিম্নরূপ-

- কক্সবাজারের মহেশখালীতে BOOT (Build, Own, Operate and Transfer) ভিত্তিতে Land Based LNG Terminal নির্মানের উপযুক্ত সাইট নির্বাচন করা ;
- এর সাথে কারিগরি সমীক্ষা Pre-Feed (Pre-Front End Engineering Design) সম্পাদন করা; এবং
- এলএনজি টার্মিনাল স্থাপনের মাধ্যমে দেশে গ্যাসের সরবারহ নিশ্চিত করার লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই করা।

<u>প্রকল্পের প্রধান কার্যক্রম সমূহঃ</u>

- Site selection study;
- Pre-Feed;
- Data collection of Geotechnical Survey, Oceanographic Survey, Wave Transformation Calculation, Structural Design Calculation, Dynamic Mooring Analysis, Channel Sedimentation Simulation etc;
- Environmental Impact Analysis (EIA);
- Relocation and Re-settlement Study;
- Project Cost Estimation;
- Economic Analysis, Financial Analysis and Project Risk analysis;
- RFP (Request for Proposal) Document Preparation for Terminal Developer Selection on BOOT basis;
- Capacity Building Training;
- বৈদেশিক পরামর্শক নিয়োগ (৬৪ জন)-২০৮৬.৩ জন দিন;
- স্থানীয় পরামর্শক নিয়োগ (১৪ জন)-১১৬০.৯ জন দিন;
- পরামর্শকের জন্য Equipment সংগ্রহ/ক্রয়।

১১। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

আলোচ্য প্রকল্পটি র মূল প্রকল্পের অনুমোদিত ব্যয় ছিল ১২০৯.৩২ লক্ষ টাকা এবং বাস্ তব মেয়াদ এপ্রিল, ২০১৭ হতে সেপ্টেম্বর , ২০১৭ পর্যন্ত। পরবর্তীতে গত ১০/১২/২০১৭ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মার্চ, ২০১৮ পর্যন্ত ১ম সংশোধনীতে মেয়াদ বৃদ্ধি করা হয়। এছাড়া, ২১/০৬/২০১৮ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ২য় সংশোধনী করে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ

জুন ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ফলে মূল প্রকল্পের মেয়াদ হয় এপ্রিল , ২০১৭ হতে জুন, ২০১৮ পর্যন্ত। সংস্থার নিজস্ব অর্থায়নে মোট ১২০৯.২৩ লক্ষ টাকা ব্যয়ে Proforma/ Proposal for feasibility study/ Survey (PFS) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গত ১৫/০৬/২০১৭ তারিখে অনুমোদিত হয়।

১২। ক্রয় কার্যক্রমঃ

বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন-২০১০ এর ৫,৬, ও ৭ নং ধারায় উল্লিখিত বিধান অনুসারে গঠিত প্রস্তাব প্রক্রিয়াকরণ কমিটি (PPC)-মাধ্যমে বাস্তবায়িত হয়েছে। China Huanqiu Contracting and Engineering Corporation (HQC) এবং মের্সাস "China CAMC Engineering Co., Ltd" যৌথভাবে ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করে।

ক্রয় বিবরণী (Consultancy Services)	Proposal in crore		Proposal		Date of Completion of works/services and supply of goods		Comments/ বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
	As per PFS	Contracted Value	Invitation date	Contract signing/L.C Opening date	As per Contract	Actual	
১	২	৩	৪	৫	৬	৭	৮
কক্সবাজারের মহেশখালীতে (সোনাদিয়ার উত্তর) ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে কারিগরী ও অর্থনৈতিক সম্ভাব্যতা সমীক্ষা এবং ইঞ্জিনিয়ারিং সেবা কাজ সম্পাদনের জন্য পরামর্শ সেবা।	৮.৪১	৮.৪১	বিদ্যুৎ ও জ্বালানী দ্রুত সরবরাহ বৃদ্ধি বিশেষ বিধান আইন, ২০১০এর ধারা -৫ এর আলোকে প্রশাসনিক মন্ত্রনালয় সংশ্লিষ্ট ঠিকাদারকে সরাসরি নেগোশিয়েশনের মাধ্যমে নিয়োগ করেন। কোন REOI জারি করা হয়নি।	০১/০৮/২০১৭	৩১/০১/২০১৮	৩১/০১/২০১৮	রক্ষণাবেক্ষণ সময়কাল চুক্তির অন্তর্ভুক্ত। প্রকল্পটি ১৫/০৬/২০১৭ তারিখে অনুমোদিত হয় এবং ২৩/০৭/২০১৭ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ০১/০৮/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। প্রকল্প অনুমোদনের পর পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরে বিলম্ব হওয়ায় প্রকল্পের কাজে বিলম্ব ঘটেছে।

১৩। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

পিসিআর অনুযায়ী প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ১১৪৯.৬৭ (বৈ:মু: ৭৩৩.০০) লক্ষ টাকা। প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০%। অব্যয়িত ৫৯.৬৫ লক্ষ টাকা পে অর্ডার নং ৩৩২৪৬৫৪ এবং অব্যয়িত অর্থের সুদ হিসেবে ১৩৪০৬০০/- টাকা পেট্রোবাংলার সংশ্লিষ্ট হিসেবে জমা প্রদান করা হয়েছে। প্রকল্পের বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

লক্ষ টাকা

অর্থ বছর	মূল/সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংস্থান	মূল/সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্তকৃত টাকা	আর্থিক ব্যয়
	মোট (টাকা)	মোট (টাকা)		মোট (টাকা)
১	২	৩	৪	৫
২০১৭-১৮	১২০৯.৩২ (৭৬২.৫৭) (বৈ:মু:)	১২০৯.৩২ (৭৬২.৫৭) (বৈ:মু:)	-	১১৪৯.৬৭ (৭৩৩.০০) (বৈ:মু:)
সর্বমোট:	১২০৯.৩২ (৭৬২.৫৭) (বৈ:মু:)	১২০৯.৩২ (৭৬২.৫৭) (বৈ:মু:)	-	১১৪৯.৬৭ (৭৩৩.০০) (বৈ:মু:)

১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত:

প্রকল্প পরিচালক-এর নাম ও আইডি	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
প্রকৌ. মোহাম্মদ আব্দুল মুকিত আইডি - ০০৮৬৮৬	ব্যবস্থাপক (এলএনজি) রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড (আরপিজিসিএল)	পূর্ণকালীন	নিয়মিত	না	-

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য/ PFS অনুযায়ী	প্রকৃত অর্জন
কক্সবাজারের মহেশখালীতে BOOT (Build, Own, Operate and Transfer) ভিত্তিতে Land Based LNG Terminal নির্মানের উপযুক্ত সাইট নির্বাচন করা ; এর সাথে কারিগরি সমীক্ষা Pre-Feed (Pre-Front End Engineering Design) সম্পাদন করা; এবং এলএনজি টার্মিনাল স্থাপনের মাধ্যমে দেশে গ্যাসের সরবারহ নিশ্চিত করার লক্ষ্যে সম্ভাব্যতা যাচাই করা।	ফিজিবিলিটি স্টাডি হতে প্রাপ্ত Findings অনুযায়ী: - কক্সবাজারের মহেশখালীতে (সোনাদিয়ার উত্তর) ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে সম্ভাব্য প্রকল্প সাইটটি উপযুক্ত মর্মে বিবেচিত হয়। - ল্যান্ড বেইজড এলএনজি টার্মিনাল নির্মাণের লক্ষ্যে প্রায় ৬৭.২ একর জমি প্রয়োজন । - মোট ব্যয় আনুমানিক ১.৩৫ মিলিয়ন ইউএস ডলার। - এর জন্য দুইটি Break water প্রয়োজন হবে। -MSL হতে ১০ মিটার জমির উন্নয়ন করা প্রয়োজন হবে। - মূল প্রকল্পে একটি জেটি নির্মাণ করতে হবে । - ৩ স্টোরেজ ট্যাংক (১৬০,০০ ঘনমিটার)নির্মাণ প্রয়োজন হবে।

১৬। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ:
নির্ধারিত সময়ের মধ্যে ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন হয়েছে। প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে।

১৭। অডিট (নিরীক্ষা**):**

-প্রকল্প সংক্রান্ত সকল যাবতীয় বিল আরপিজিসিএল এর অডিট বিভাগ দ্বারা আভ্যন্তরীন ভাবে নিরীক্ষা করা হয়েছে।

-HUDA Hossain & Co. কর্তৃক প্রকল্প সংক্রান্ত সকল যাবতীয় বিল নিরীক্ষা করা হয়েছে। প্রতিষ্ঠানটি তাদের অডিট রিপোর্ট ১৮/১০/২০১৮ তারিখে দাখিল করে। কোন অসঙ্গতি পাওয়া যায় নি।

১৮। প্রকল্প বাস্তবায়ন সমস্যা :

প্রকল্পটি ১৫/০৬/২০১৭ তারিখে অনুমোদিত হয় এবং ২৩/০৭/২০১৭ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ০১/০৮/২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। প্রকল্প অনুমোদনের পর পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরে বিলম্ব হওয়ায় প্রকল্পের কাজে বিলম্ব ঘটেছে।

১৯। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):

মূল বাস্তবায়নকাল হতে ১৫০% প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়েছে। তবে, PFS সংশোধন অনুযায়ী প্রকল্পটি নির্ধারিত মেয়াদের মধ্যেই বাস্তবায়িত হয়েছে।

২০। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন: প্রযোজ্য নয়।


২১। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ:

প্রকল্প অনুমোদনের পর পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরে বিলম্ব হওয়ায় প্রকল্পের কাজে বিলম্ব ঘটেছে। তবে, চুক্তি বাস্তবায়নে কোন বিলম্ব হয়নি।

২৪। এক নজরে পরিদর্শনের কিছু আলোকচিত্র:



চিত্র-০১ বর্ণনা: প্রকল্প অফিসে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে IMED প্রতিনিধি।



চিত্র-০২ বর্ণনা: মানচিত্রে প্রকল্প এলাকা

২২। পরিদর্শন পর্যবেক্ষণঃ

২২.১ প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৯৫.০৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%। ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য ১২০৯.৩২ লক্ষ-এর বিপরীতে ১১৪৯.৬৭ (৭৩৩.০০ বৈ:মু:) লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পটি সমাপ্ত হয়েছে যা মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ৫৯.৬৫ লক্ষ টাকা কম। অর্থাৎ প্রকল্পটিতে ৪.৯৩% অর্থ সাশ্রয় হয়েছে।

২২.২ প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকালের মধ্যেই প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

২২.৩ ২০১৭-১৮ অর্থবছরে নিরীক্ষা সমাপনান্তে কোন অডিট আপত্তি পাওয়া যায়নি।

২২.৪ প্রকল্পটির সংশোধিত PFS অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সম্পন্ন হয়েছে। প্রকল্পটির ফিজিসিলিটি স্ট্যাডি'র উদ্দেশ্যে অর্জিত শতভাগ (১০০%) অর্জিত হয়েছে।

২৩। সুপারিশ:

২৩.১ সম্ভাব্যতা সমীক্ষাটি (Feasibility Study) সর্বোচ্চ সর্তকর্তার সাথে যাচাই করে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

২৩.২ ভবিষ্যতে Land Based LNG Terminal স্থাপন কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্নের জন্য উল্লিখিত সম্ভাব্যতা ৩ পরিবেশগত প্রভাব বিশ্লেষণ (Environment Impact Analysis) সাপেক্ষে মূল প্রকল্প গ্রহণের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

২৪। উল্লিখিত সুপারিশের আলোকে আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে গৃহীত ব্যবস্থা আইএমইডিকে অবহিত করতে হবে।

শাহজাদপুর-সুন্দলপুর (সুন্দলপুর#২) মূল্যায়ন/উন্নয়ন কূপ খনন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : অক্টোবর, ২০১৭)

১। **প্রকল্পের নাম** : শাহজাদপুর-সুন্দলপুর (সুন্দলপুর#২) মূল্যায়ন/উন্নয়ন কূপ খনন (১ম সংশোধিত)।

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৩। **বাস্তবায়ন সংস্থা** : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স), পেট্রোবাংলার একটি কোম্পানী।

৪। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় সর্বমোট টাকা (বৈ:মু:)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
মূল সর্বমোট টাকা (বৈ:মু:)	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা (বৈ:মু:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
*৭৫৪৫.০০ ৭৫৪৫.০০ (৪৮৮৫.০০)	৬২৯০.০০ ৬২৯০.০০ (৩৭২৮.০০)	৫০২৬.৩৭ ৫০২৬.৩৭ (২৯৮১.১৩)	অক্টোবর,২০১৪ হতে জুন,২০১৬	অক্টোবর,২০১৪ হতে অক্টোবর,২০১৭	অক্টোবর,২০১৪ হতে অক্টোবর,২০১৭	(-) ২৫১৮.৬৩** (-৩৩.৩৮%)	১৬ মাস (৭৬%)

* প্রকল্পটি সম্পূর্ণ গ্যাস উন্নয়ন তহবিলের (জিডিএফ) মাধ্যমে বাস্তবায়িত হয়েছে।

** প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ২৫১৮.৬৩ লক্ষ টাকা কম হয়েছে।

৫। **প্রকল্পের অবস্থান** :

বিভাগ	জেলা	উপজেলা
চট্রগ্রাম	নোয়াখালী	কোম্পানীগঞ্জ

৬। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন** : পিসিআর অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (সংযুক্তি-ক তে সংযুক্ত রয়েছে)।

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ** : প্রকল্প সমাপ্ত প্রতিবেদনের তথ্যানুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নাই।

৮। **প্রকল্পের পটভূমি ও উদ্দেশ্য :**

৮.১। প্রকল্পের পটভূমি :

সুন্দলপুর স্ট্রাকচারে অনুসন্ধান/উন্নয়ন কূপ খননের মাধ্যমে গ্যাস ক্ষেত্র হতে গ্যাস সরবরাহ বৃদ্ধি করা এবং কূপ খননের মাধ্যমে বিভিন্ন স্তরে গ্যাস স্যান্ড সনাক্ত করে গ্যাসের মজুদ বৃদ্ধি করার উদ্দেশ্যে প্রকল্পটি প্রণয়ন করা হয়। গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হয়।

৮.২। **প্রকল্পের উদ্দেশ্য:**

জাতীয় গ্রীডে গ্যাস সরবরাহ বৃদ্ধি এবং সুন্দলপুর স্ট্রাকচারের মূল্যায়ন করা আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য। এ লক্ষ্যে

(ক) সুন্দলপুর#২ নং কূপ ৩২৫০(±৫০) মিটার পর্যন্ত খনন এবং
(খ) কূপের পরীক্ষা সম্পাদন করা বিবেচ্য প্রকল্পের উদ্দেশ্য।

প্রকল্পের প্রধান কার্যক্রম সমূহঃ

(ক) সুন্দলপুর#২ নং কূপ খনন;

(খ) Wireline Logging Services এবং

(গ) DST & Production Testing Service ইত্যাদি।

৯। **প্রকল্প অনুমোদন ও সংশোধন** :

মূল প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৭৫৪৫.০০ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রা-৪৮৮৫.০০ লক্ষ টাকা)। মূল প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ছিল অক্টোবর, ২০১৪ হতে জুন, ২০১৬ পর্যন্ত। পরবর্তিতে গত ৩১.০৭.২০১৬ তারিখে প্রকল্পটির প্রথম সংশোধনের প্রস্তাবের প্রশাসনিক অনুমোদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক জারি করা হয়। ১ম সংশোধিত প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৬২৯০.০০ লক্ষ টাকা (বৈদেশিক মুদ্রা-৩৭২৮.০০ লক্ষ টাকা) এবং প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ অক্টোবর, ২০১৪ হতে জুন, ২০১৭ পর্যন্ত। গত ২৯.০৬.২০১৭ তারিখে প্রকল্পটির মেয়াদ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অক্টোবর, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পটি গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়িত হয়।

১০। **প্রকল্পের অর্থায়ন** (সর্বশেষ সংশোধন অনুযায়ী) :

ক) জিওবি (গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ):

(লক্ষ টাকা)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	*(২)*	*(৩)*	*(৪)*
৬২৯০.০০	৬২৯০.০০	-	৩৭২৮.০০

১১। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বমোট সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৬২৯০.০০ লক্ষ টাকা। পিসিআর অনুযায়ী প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ৫০২৬.৩৭ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৭৯.৯১% এবং ভৌত অগ্রগতি ১০০% ।

১২। **পর্যবেক্ষণ** :

১২.১। গত ০২/১২/২০১৮ তারিখে আইএমই বিভাগ কর্তৃক নোয়াখালী জেলায় অবস্থিত কূপ এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালীন সময়ে প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন। পিসিআর এবং প্রকল্প পরিচালক কর্তৃক প্রদেয় কূপ সম্পর্কিত তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলোঃ

১২.২ রিগ বিজয়-১২ দ্বারা সুন্দলপুর # ২ কূপটি খননের পরিকল্পনা ছিল। মোবারকপুর কূপের খনন কাজে নানা কারিগরী জটিলতা সৃষ্টি হওয়ায় বিজয়-১২ রিগ মোবারকপুর হতে সুন্দলপুর # ২ প্রকল্পে স্থানান্তর করে খনন কাজ শুরু করা সম্ভব হয়নি। বাপেক্সের অন্য কোন রিগ না পাওয়ায় সুন্দলপুর # ২ প্রকল্পের খনন কাজ শুরু করতে প্রায় ৫-৬ মাস বিলম্ব হয় মর্মে প্রকল্প পরিচালক জানান।

১২.৩ পরবর্তীতে কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে তিতাস গ্যাস ফিল্ডের ২ নং কূপের ওয়ার্ক-ওভার কাজ শেষ করে বাপেক্সের আইডিকো ১৭০০ রিগ সুন্দলপুর# ২ প্রকল্পের খনন কাজের জন্য স্থানান্তরিত করা হয়। ডিসেম্বর-২০১৬ মাসে রিগ-আপ, কমিশনিং ও টেষ্টিং করে ১০ই জানুয়ারি ২০১৭ তারিখে কূপটি খনন কাজ শুরু করা হয়। গত ২৬.০৩.২০১৭ তারিখ

কূপটি ৩২৩৫ মিটার গভীরতা পর্যন্ত খনন কাজ সম্পন্ন করা হয়েছে। ভিএসপি, কেসিং, সিমেন্টিং, সিমেন্ট ড্রিলিং, পারফোরেশন, সিমেন্ট স্কুয়িজিং জব, লগিং, পারফোরেশন, ডিএসটি ও টেষ্টিং সম্পন্ন করা হয়।

১২.৪ কূপ খননের সময় ফরাসি প্রতিষ্ঠান Schlumberger Limited কর্তৃক তৃতীয় পক্ষীয় সেবা অর্থাৎ Wireline logging services, DST & production Testing service, Cementation Back up service ইত্যাদি গ্রহণ করা হয়েছে।

১২.৫ গত ২০.০৪.২০১৭ তারিখে সুন্দলপুর# ২ নং কূপে প্রায় ১৩৯৬-১৪০৫ মিটার গভীরতায় ডিএসটি করা হলে কূপটিতে গ্যাস প্রাপ্তি নিশ্চিত হয় এবং দৈনিক ৮-১০ মিলিয়ন ঘনফুট গ্যাসের উপস্থিতি পাওয়া যায় । গত ১৭/০১/২০১৮ তারিখ হতে আলোচ্য কূপ থেকে গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করা হচ্ছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

১২.৬ প্রকল্প পরিদর্শনকালে কূপটি হতে ৬.৭৫ MMSCFD গ্যাস উত্তোলন করা হচ্ছিল মর্মে প্রকল্প পরিচালক জানান।

১২.৭ প্রকল্পটির বাস্তবায়নে নির্ধারিত সময়ের চেয়ে ৭৬% বেশি সময় ব্যয় হয়েছে, যা মোটেই কাম্য নয়। ভবিষ্যতে অনুরূপ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে এ প্রকল্পটি বাস্তবায়নে বিলম্বের কারণসমূহ বিবেচনায় রাখতে হবে।

১২.৮ প্রকল্পের External Audit সংক্রান্ত তথ্যঃ প্রকল্প পরিচালক জানান যে, নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রকল্পের নিরীক্ষা করা হয়েছিল। নিরীক্ষা বিষয়ক তথ্য নিম্নরূপঃ

Audit period	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections resolved or not.
1	2	3	4
2014-2015	06/10/2015	1. Progress of the project is less & loss 61,34,91,00.00 taka. 2. Market price does not justifing & estimated cost based on fund allocation, spend taka 1,32,54000.00 iregularly.	All objections resolved.
2015-2016	22/09/2016	No Objections.	
2016-2017	Not yet done	Not yet done	All objections will be resolve
2017-2018	Not yet done	Not yet done	All objections will be resolve

১২.৯। প্রকল্প এলাকায় খননকৃত কূপসমূহের কতিপয় স্থিরচিত্রঃ



চিত্রঃ সুন্দলপুর#২ নং কূপ



চিত্রঃ সুন্দলপুর#২ নং কূপ



চিত্রঃ সুন্দলপুর#২ নং কূপ



চিত্রঃ সুন্দলপুর#২ নং কূপ এলাকায় নির্মিত স্থাপনাসমূহ



চিত্রঃ সুন্দলপুর#২ নং কূপ এলাকায় নির্মিত স্থাপনাসমূহ



চিত্রঃ সুন্দলপুর#২ নং কূপ এলাকায় নির্মিত স্থাপনাসমূহ

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালক প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১	মোঃ আলমগীর হোসেন	ডেপুটি জেনারেল ম্যানেজার	পূর্ণকালীন	গত ০৩/১১/২০১৪ থেকে সমাপ্ত পর্যন্ত

১৪। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
জাতীয় গ্রীডে গ্যাস সরবরাহ বৃদ্ধি এবং সুন্দলপুর স্ট্রাকচারের মূল্যায়ন করা আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য। এ লক্ষ্যে ➢ সুন্দলপুর#২ নং কূপ ৩২৫০(±৫০) মিটার পর্যন্ত খনন; এবং ➢ কূপের পরীক্ষা সম্পাদন করা বিবেচ্য প্রকল্পের উদ্দেশ্য।	পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী-কূপটি ৩২৩৫ মিটার গভীর পর্যন্ত খনন করা হয়েছে। ➢ Logging, Cementing, VSP, DST/Testing & Completion সম্পন্ন হয়েছে। ➢ ১০ MMCFD গ্যাসের উপস্থিতি পাওয়া গেছে।

১৫.০ **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য** (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী)

বিবেচ্য প্রকল্পের আওতায় বিভিন্ন অঙ্গের ক্রয় সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

Description of procurement (goods/works /consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	As per RDPP	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Mud Chemicals Re-agents and Apparatus	2.40 (2.40)	2.40 (2.40)	07/04/2015	11/08/2015	11/08/2015	30/06/2016
Casing (Different Sizes)	4.32 (4.32)	4.32 (4.32)	19/02/2015	28/07/2015	28/07/2015	25/08/2016
Well heads and X-mass Tree, Well Head Control Panel	2.15 (2.15)	2.05 (2.05)	02/02/2015	31/10/2016	30/10/2016	31/10/2017
Different Types of Valves, Pipe fittings, Measuring devices, Pressure & temp gauges	3.00 (3.00)	2.52 (2.52)	15/06/2015	28/10/2015	28/10/2015	30/06/2017
Wireline Logging Services	4.50 (4.50)	4.50 (4.50)	31/07/2015	15/08/2016	15/08/2016	06/01/2018
DST/Testing Services	2.50 (2.50)	2.00 (2.00)	31/07/2015	15/08/2016	15/08/2016	31/10/2017

১৬। সুপারিশ/মন্তব্য:

১৬.১ ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে যাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করা যায় সেজন্য এ প্রকল্পের অভিজ্ঞতাসমূহ অনুসরণ করতে হবে (অনুচ্ছেদ: ১২.২);

১৬.২ প্রকল্পটির বাস্তবায়নে নির্ধারিত সময়ের চেয়ে ৭৬% বেশি সময় ব্যয় হয়েছে, যা মোটেই কাম্য নয়। এটি প্রকল্প ব্যবস্থাপনার দুর্বলতাকে তুলে ধরেছে। ভবিষ্যতে প্রকল্প ব্যবস্থাপনাকে শক্তিশালী করতে সংস্থা পর্যায়ে সর্বাত্মক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে (অনুচ্ছেদ নং- ১২.৭);

১৬.৩ খননকৃত কূপ নিয়মিত পর্যবেক্ষণের জন্য বাপেক্স এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ: ১২.৫);

১৬.৪ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন দাখিলের পরেও প্রকল্প বিষয়ে যদি কোন অডিট আপত্তি উত্থাপিত হয়ে থাকে তাহলে সেগুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে (অনুচ্ছেদ: ১২.৮);

১৬.৫ ভবিষ্যতে অনুরূপ প্রকল্প প্রণয়নের সময় সঠিকভাবে কর্মপরিকল্পনা নির্ধারন করে তা কঠোরভাবে অনুসরণের বিষয়টি মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিশ্চিত করতে হবে।

সংযুক্তি –ক

শাহজাদপুর-সুন্দলপুর (সুন্দলপুর#২) মূল্যায়ন/উন্নয়ন কূপ খনন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী):

(লক্ষ টাকায়)

Items of work (As per DPP)	**Unit**	**Target (As per RDPP)**		**Actual Progress**		**Reasons for deviation (±) At Actual**
		Financial	**Physical (Quantity)**	**Financial**	**Physical (Quantity)**	
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
Supply & Services:						
Rent of Office, House,Godown,Yard,land and camp setting	L/S	4.00	L/S	3.81	L/S	At Actual (-0.19)
Custom, Duty and VAT (5% AIT for importedmachinery and equipment and chemical10% AIT and 15% VAT for third party services	L/S	338.40	L/S	338.40	L/S	(-)
Telephone	L/S	2.00	L/S	1.55	L/S	At Actual (-0.45)
Petroleum Other Lubricants (POL)	L/S	600.00	L/S	374.17	L/S	At actual (-225.83)
Insurance/Bank Charge:						
(i)Insurance (2.50% of imported machinery and chemical)	L/S	75.69	L/S	75.69	L/S	(-)
(ii)Bank Charge (2.50% of imported machinery and chemical)	L/S	30.18	L/S	9.96	L/S	At actual (-20.22)
(iii)Exploration Insurance (Iumsum)	L/S	30.00	L/S	10.00	L/S	At actual (-20.00)
Stationary, Seal, Stamp	L/S	5.00	L/S	4.50	L/S	At actual (-0.50)
Tender Notice Publishing	L/S	15.00	L/S	14.73	L/S	At actual (-0.27)
Entertainment Cost	L/S	3.00	L/S	3.00	L/S	(-)
Material Transportation Cost:						
Rig Mobilization-Demobilization	L/S	100.00	L/S	99.96	L/S	At actual (-0.04)
(A) Crop Compensation (3 Years):						
(i)Well site area 4 acre @ Tk453600	acre	24.14	4	24.14	4	(-)
(ii)Connecting Road 1 acre @ Tk 453600	acre	6.04	1	6.04	1	(-)

Items of work (As per DPP)	Unit	Target (As per RDPP)		Actual Progress		Reasons for deviation (±) At Actual
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
(B) Compensation due to fish for 3 ponds @ tk 453600	L/S	10.80	L/S	10.80	L/S	(-)
(C) Compensation due to trees Crop Compensation for 150 trees@2400	L/S	3.60	L/S	3.50	L/S	At actual (-0.10)
Casual Labour (100-150 labour skilled,Semi skiled, Unskilled (210-360tk)	Person/ day	100.00	101	100.00	101	(-)
Purchase Of Chemicals (Imported):						
(i)API class "G" Cement	M Ton	35.00 (35.00)	200	35.00 (35.00)	200	(-)
(ii)Cement Additives	L/S	40.00 (40.00)	L/S	40.00 (40.00)	L/S	(-)
(iii) Mud & Completion chemicals	M Ton	240.00 (240.00)	200	220.00 (220.00)	200	At actual (-20.00)
Medical Cost (First Aid)	L/S	1.00	L/S	0.15	L/S	At actual (-0.85)
Consultancy/Third Party Services						
(a) Wireline logging services	Lot	450.00 (450.00)	Lot	226.00 (226.00)	Lot	At actual (-224.00)
(b) DST & production Testing service	Lot	250.00 (250.00)	Lot	132.00 (132.00)	Lot	At actual (-118.00)
(c) Cementation Back up service	Lot	50.00 (50.00)	Lot	30.00 (30.00)	Lot	At actual (-20.00)
Security Guard	Person/ day	30.00	30	30.00	30	(-)
Honorarium for tender evaluation	L/S	6.00	L/S	6.00	L/S	(-)
Environment Impact Assesment (EIA)	L/S	7.00	L/S	4.67	L/S	At actual (-2.33)
Hiring Of Vehicles:						
(i)Hiring of support utility vehicle (jeep-01)	No	47.39	1	46.25	1	At actual (-1.14)

Items of work (As per DPP)	Unit	Target (As per RDPP)		Actual Progress		Reasons for deviation (±) At Actual
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
(ii)Hiring of double Pick up 01 no 01 (4WD)	No	33.61	1	33.61	1	(-)
(iii)Hires of microbus 2 NOS	No	21.00	2	21.00	2	(-)
Other Cost:						
(a)Jetty expenditure C & F Commission	L/S	30.18	L/S	30.12	L/S	At actual (-0.06)
(b)Pre Shipment Inspection free	L/S	20.00	L/S	20.00	L/S	(-)
(c)Miscellaneous expenditure (Field messing & conveyance)	L/S	80.00	L/S	78.78	L/S	At actual (-1.22)
Repair, Maintenance and Rehabilitation:						
Old caravan repair, maintenance & Transportation 20 @Tk 60000	No	12.00	20	11.93	20	At actual (-0.07)
Sub-Total (Revenue Component)		2701.03 (1065.00)		2045.76 (683.00)		
Machinery and other equipment						
(a) For Drilling						
(i) Casing (Different Sizes)	L/S	432.00 (432.00)	L/S	431.43 (431.43)	L/S	At actual (-0.57)
(ii) Well Head & X-mass tree and well control panel	L/S	215.00 (215.00)	L/S	205.00 (205.00)	L/S	At actual (-10.00)
(iii) Drill Bit (Different Sizes)	L/S	133.00 (133.00)	L/S	132.53 (132.53)	L/S	At actual (-0.47)
(iv) Casing Accessories & liner Hanger	L/S	128.00 (128.00)	L/S	127.84 (127.84)	L/S	At actual (-0.14)
(v) Drill string component	L/S	80.00 (80.00)	L/S	78.00 (78.00)	L/S	At actual (-2.00)
(vi) Drilling floor Handing Tools & spares	L/S	100.00 (100.00)	L/S	-	L/S	At actual (-100.00)
(vii) Spare for Well Control	L/S	150.00	L/S	150.00	L/S	(-)

Items of work (As per DPP)	Unit	Target (As per RDPP)		Actual Progress		Reasons for deviation (±) At Actual
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
Equipment & choke manifold		(150.00)		(150.00)		
(viii) Rig Instrumentation Spares	L/S	50.00 (50.00)	L/S	-	L/S	At actual (-50.00)
(ix) Well Servicing Tools (Milling, Fishing & Survey spares etc	L/S	100.00 (100.00)	L/S	35.00 (35.00)	L/S	At actual (-65.00)
(x) Miscellaneous (Rig & Drilling consumable & safety gears etc.)	L/S	100.00 (100.00)	L/S	93.87 (93.87)	L/S	At actual (-6.13)
(xi) Well Competition Meterials	L/S	200.00 (200.00)	L/S	194.09 (194.09)	L/S	At actual (-5.91)
(b) For Rig Maintenance & Others:						
(i) Over hauling/ Runing Spares & Equipment for rig	L/S	150.00 (150.00)	L/S	135.59 (135.59)	L/S	At actual (-14.41)
(ii) Running Electrical Spares & Equipment	L/S	200.00 (200.00)	L/S	195.14 (195.14)	L/S	At actual (-4.86)
(iii) Spare Parts for maintenance (Heavy vehicles, Crane, forklifter etc)	L/S	100.00 (100.00)	L/S	68.00 (68.00)	L/S	At actual (-32.00)
(iv) Mud testing Apparatus/ equipment & Reagents	L/S	40.00 (-)	L/S	39.59 (-)	L/S	At actual (-0.41)
(v) Handling tools for workshop	L/S	25.00 (25.00)	L/S	-	L/S	At actual (-25.00)
(vi) Testing Materials, Lab Cabin with test kid	L/S	50.00 (50.00)	L/S	50.00 (50.00)	L/S	(-)
(vii) Different Types of Valves, Pipe,Fittings, measuring devices, Pressure & temp gauges	L/S	300.00 (300.00)	L/S	251.64 (251.64)	L/S	At actual (-48.36)
(c) Geological & Geophysical equipment	L/S	150.00 (150.00)	L/S	150.00 (150.00)	L/S	(-)
Computer and Accessories (Computer with Printer, Scanner, UPS,Cartidge, Modem with Other Accessories)02set	Set	3.00	2	2.85	2	At actual (-0.15)
Office Equipment	L/S	2.00	L/S	1.43	L/S	At actual (-

Items of work (As per DPP)	Unit	Target (As per RDPP)		Actual Progress		Reasons for deviation (±) At Actual
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
(Photocopiers, Calculator, Fax Machine etc)						0.57)
Furniture (Furnitur, Calculator,Fax machine etc)	L/S	3.00	L/S	2.75	L/S	At actual (-0.25)
Electrical spares and equipment & REB connection with bill	L/S	100.00	L/S	56.96	L/S	At actual (-43.04)
Others (Loacally procured equipment materials and spares and consumable items)	L/S	70.76	L/S	35.96	L/S	At actual (-34.80)
Fire extinguisher	L/S	6.00	L/S	0.65	L/S	At actual (-5.35)
Civil Construction (Considering PWD rate 2014 Construction Cost):						
Land Development Well Site						
a)Earth Excavation 10000 cum@Tk192	M3	19.20	10000	18.75	10000	At actual (-0.45)
b)Site development by carried earth with compaction turfing 13000 cum @Tk336	M3	43.68	13000	42.72	13000	At actual (-0.96)
Construction of other building and Infrastructure						
(i) A/C- A/C RIG foudation 143cum @Tk52500	M3	75.08	143	73.96	143	At actual (-1.12)
(ii) Connecting Road	M	37.00	681	36.29	681	At actual (-0.71)
(iii) Other Machinery Foundation-2099sqm @Tk6620	M2	138.95	2099	130.84	2099	At actual (-8.11)
(iv) Well site yerdcat walk etc 3346 nos @Tk1046	M3	35.00	3346	34.86	3346	At actual (-0.14)
(v) Mud Pit Excavation (150x75x10) 3190cum @Tk192	M3	6.12	3190	5.30	3190	At actual (-0.82)
(vi) 2 Godowns (Generals & Chemica) 390sqm@Tk12912	M3	120.08	930	32.71	930	At actual (-87.37)
(vii) Caravan Foundation or Block for 20 Caravans 20 nos@Tk30000	No	6.00	20	4.00	20	At actual (-2.00)

Items of work (As per DPP)	Unit	Target (As per RDPP)		Actual Progress		Reasons for deviation (±) At Actual
		Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
1	2	3	4	5	6	7
(viii) 2 Dinning (20'x20')75 sqm @14400 Tk	M2	10.80	75	9.67	75	At actual (-1.13)
(ix)2 Toilet (20'x2750') 75 sqm @Tk14400 Tk	M2	10.80	75	9.47	75	At actual (-1.33)
(x) Garage 1no & 1no workshop 75sqm@ Tk12000	M2	9.00	75		75	At actual (-9.00)
(xi) 4 nos security Post 23 sqm @Tk14400	M2	3.31	23	2.95	23	At actual (-0.36)
(xii) Internal Road network 930sqm @Tk1046	M2	9.73	930	9.50	930	At actual (-0.23)
(xiii) Master drain & other connecting Drain 671rm @Tk5210	M	34.96	671	26.84	671	At actual (-8.12)
(xiv) Barbed wire Fencing with gate (950'x2'x7')1240 sqm @Tk900	M2	11.16	1240	10.70	1240	At actual (-0.46)
(xv) Anser Shed (20'x80')150 sqm@Tk 1440	M2	21.60	160	14.54	160	At actual (-7.06)
(xvi) 2 Nos Semi pacca Casual staff shed with Toilet (2x20x100) 372cum @Tk12000	M3	44.64	372	37.53	372	At actual (-7.11)
(xvii) 1 no Deep tube well, Over head tank with Tower, Pump house & Water line network 1nos	L/S	48.00	L/S	35.68	L/S	At actual (-12.32)
(xviii) 2" Dia shallow tube well with submersible motor 1nos	No	5.00	1	-	1	At actual (-5.00)
(xix) Prayer House (25'x20') 30sqm@Tk9000	M2	8.40	70	5.98	70	At actual (-2.42)
(xx) Generator House (15'x20') 30sqm@Tk9000	M2	2.70	30		30	At actual (-2.70)
Sub- Total: Capital Component		3588.97 (2663.00)		2980.61 (2298.13)		
Grand Total: (a+b) = Revenue + Capital Cpmponent		6290.00 (3728.00)		5026.37 (2981.13)		

Construction of Divisional Office Building of Titas Gas Transmission and Distribution Company Limited at Gazipur" শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৮)

১। প্রকল্পের নাম : Construction of Divisional Office Building of Titas Gas Transmission and Distribution Company Limited at Gazipur শীর্ষক সমাপ্ত প্রকল্প।

২। প্রকল্পের অবস্থান : তিতাস গ্যাস ডিভিশনাল অফিস , গাজীপুর সদর, গাজীপুর ।

৩। বাস্তবায়নকারী সংস্থা : তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (টিজিটিডিসিএল), পেট্রোবাংলার একটি কোম্পানী ।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়/ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ।

৫। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়নকালের%)
মূল সর্বমোট টাকা প্র:সা: সংস্থার নিজস্ব	সর্বশেষ সংশোধিত সর্বমোট টাকা প্র:সা: সংস্থার নিজস্ব	সর্বমোট টাকা প্র:সা: সংস্থার নিজস্ব	মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪৫১.২৬ ০.০০ ০.০০ ১৪৫১.২৬	- - - -	১২০৯.৯৬৬৬ ০.০০ ০.০০ ১২০৯.৯৬৬৬	জুলাই ২০১৫ হতে জুন ২০১৮	-	জুলাই ২০১৫ -৩০, জুন ২০১৮	০.০০ (- ১৬.৬৩%)	০.০০ ০.০০%

* প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় ১২০৯.৯৬৬৬ লক্ষ টাকা যা মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ২৪১.২৯৩৪ লক্ষ টাকা কম ।

৬। প্রকল্পের অবস্থান:

স্থান	বিভাগ	জেলা	উপজেলা
জয়দেবপুর, গাজীপুর	ঢাকা	গাজীপুর	গাজীপুর সদর

৭। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:** প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (তথ্য সূত্রঃ পিসিআর) ।

(লক্ষ টাকায়)

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১		২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব ব্যয়ঃ							
৪৮০০	সরবরাহ ও সেবাঃ						
৪৮২২	ফুয়েল ও গ্যাস	থোক	২.০০	--	০.০০	--	বাস্তব (-২.০০)
৪৮২৮	স্টেশনারী, স্ট্যাম্পস, সীল	থোক	১.০০	--	০.২৯৮	--	বাস্তব (-০.৭০২)
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	থোক	১.৫০	--	০.৫৯৯২	--	বাস্তব (-০.৯০০৮)
৪৮৬৯	মেডিক্যাল কস্ট	থোক	১.০০	--	০.১৯৫২	--	বাস্তব (-০.৮০৪৮)
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৭.০০	--	৭.০০	--	বাস্তব (০.০০)
৪৮৮৩	সম্মানী	থোক	**৪.০০**	--	১.৭৯	--	বাস্তব (-২.২১)
৪৮৭৪	কন্সালটেন্সি ফি	ম্যান-মান্থ	**৩০.০০**	--	৯.৩৭	--	বাস্তব (-২০.৬৩)
৪৮৯৯	অন্যান্য ব্যয়	থোক	**৩.০০**	--	০.২৫	--	বাস্তব (-২.৭৫)
উপ-সমষ্টি (রাজস্ব) =			**৪৯.৫০**		১৯.৫০২৪		
(খ) মূলধন ব্যয়ঃ							
৬৮০০	সম্পদ সংগ্রহ/ ক্রয়ঃ						
৬৮১৩	মেশিনারী ও অন্যান্য যন্ত্রপাতি						
	সাপ্লাই, ইন্সটলেশন এন্ড	১টি	৬০.০০	৮০০ কেজি লিফট- ০১টি	৪৩.৭৩৪	৮০০ কেজি লিফট- ০১টি	বাস্তব (-১৬.২৬৬)

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১		২	৩	৪	৫	৬	৭
	টেস্টিং অব প্যাসেঞ্জার লিফট			এসি – ০১টি (২টন)		এসি – ০১টি	
৬৮১৫	ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার, টেবিল এন্ড এক্সসরিজ	১ সেট	২.০০	ডেস্কটপ-০১টি A3 লেসার প্রিন্টার-০১টি স্ক্যানার-০১টি কম্পিউটার টেবিল- ০১টি কম্পিউটার চেয়ার-০১টি	১.৯৭	ডেস্কটপ-০১টি A3 লেসার প্রিন্টার-০১টি স্ক্যানার-০১টি কম্পিউটার টেবিল-০১টি কম্পিউটার চেয়ার-০১টি	বাস্তব (-০.০৩)
৬৮২১	ফার্নিচার এন্ড ফিক্সার	থোক	১.৫০	সোফা সেট-০১ টেবিল - ০৪ চেয়ার – ১০	০.৯৬৩২	সোফা সেট-০১ টেবিল - ০৪ চেয়ার – ১০	বাস্তব (-০.৫৩৬৮)
৬৮২৭	ইমার্জেন্সি ডিজেল ১৫০ কেভিএ	১টি	২৯.৮২	জেনারেটর সেট-০১	২৬.৫৯	জেনারেটর সেট-০১	বাস্তব (-৩.২৩)
৬৮৫৩	ফায়ার ফাইটিং সিস্টেম	থোক	১০.০০	ফায়ার ওয়াটার পাম্প – ০১ ফায়ার এক্সটিংগুইসার-১৬ ফায়ার ব্রিগেড - ০১ ফায়ার হোস কেবিনেট -০৫	৯.১০৪	ফায়ার ওয়াটার পাম্প – ০১ ফায়ার এক্সটিংগুইসার- ১৬ ফায়ার হোস কেবিনেট – ০৫ ফায়ার ব্রিগেড -০১	বাস্তব (-০.৮৯৬)
৭০০০	পূর্ত নির্মাণ						
৭০০৬	সিভিল ওয়ার্কস (৩২০২ বঃমিঃ)	বঃমিঃ	১১৩২.৫৫	৩২০২ বঃমিঃ	১০০৬.৭২৩	৩২০২ বঃমিঃ	বাস্তব (-১২৫.৮২৭)
৭০৪৬	ইন্টারনাল স্যানিটারি এন্ড ওয়াটার সাপ্লাই ওয়ার্কস	বঃমিঃ	১৫.৩০	পিট, সেপ্টিক ট্যাংক, ওভারহেড ট্যাংক, কমোড, প্যান, ইউরিনাল, বেসিন, বিব কক, স্টপ কক, ওয়াস্ট পাইপ, ওয়াটার সাপ্লাই পাইপ	১৩.২০	পিট, সেপ্টিক ট্যাংক, ওভারহেড ট্যাংক, কমোড, প্যান, ইউরিনাল, বেসিন, বিব কক, স্টপ কক, ওয়াস্ট পাইপ, ওয়াটার সাপ্লাই পাইপ	বাস্তব (-২.১০)

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১		২	৩	৪	৫	৬	৭
৭০৫৬	ইন্টারনাল ইলেক্ট্রিফিকেশন ওয়ার্কস	বঃমিঃ	৬৬.৩৮	ক্যাবল ওয়ারিং, ফ্যান, লাইট, লাইটনিং এরেস্টর, সুইচ, গ্যাং বক্স, SDB, MDB ইত্যাদি।	৫৯.৭১	ক্যাবল ওয়ারিং, ফ্যান, লাইট, লাইটনিং এরেস্টর, সুইচ, গ্যাং বক্স, SDB, MDB ইত্যাদি।	বাস্তব (-৬.৬৭)
	সোলার প্যানেল সিস্টেম-৪০০০ওয়াট	৪০০০ ওয়াট	১০.৩০	4 KW সোলার প্যানেল, ইনভারটার, ক্যাবল	৮.৯০	4 KW সোলার প্যানেল, ইনভারটার, ক্যাবল	বাস্তব (-১.৪০)
৭০৮১	ল্যান্ড স্ক্যাপিং এন্ড আউটসাইড পার্কিং	বর্গ মিঃ	২০.০০	আউটসাইড পার্কিং, বৃক্ষরোপন-৭৭	১৯.৫৭	আউটসাইড পার্কিং, বৃক্ষরোপন-৭৭	বাস্তব (-০.৪৩)
উপ-সমষ্টি (মূলধন) =			১৩৪৭.৮৫	--	১১৯০.৪৬৪২	--	বাস্তব (-১৫৭.৩৮)
(গ)	ফিজিক্যাল কন্টিজেন্সি (খ)-এর ১%		১৩.৪৭৮৪	--	--	--	বাস্তব (-১৩.৪৭৮৪)
(ঘ)	প্রাইস কন্টিজেন্সি (খ)- এর ৩%		৪০.৪৩৫৫	--	--	--	বাস্তব (-৪০.৪৩৫৫)
সর্বমোট =			১৪৫১.২৬	--	১২০৯.৯৬৬৬	--	বাস্তব (-২৪১.৪২)

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

প্রকল্প সমাপ্ত প্রতিবেদনের তথ্য এবং সরজমিন পরিদর্শনে প্রাপ্ত প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০% ।

৯। পটভূমিঃ

তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড-এর আঞ্চলিক বিপণন ডিভিশন (গাজীপুর) এলাকায় মাসিক প্রায় ৩৫০ MMCM হারে গ্যাস বিক্রি হয় এবং প্রায় ২১০ কোটি টাকা রাজস্ব অর্জিত হয়। বর্তমানে এলাকাটি শিল্পসমৃদ্ধ এলাকাতে পরিণত হয়েছে। দিন দিন গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। উক্ত এলাকায় গ্রাহকদের সার্বিক সেবা প্রদানের লক্ষ্যে বিভিন্ন সময়ে জনবল বৃদ্ধি করা হয়েছে, কিন্তু সে অনুযায়ী অফিসের পরিসর বৃদ্ধি করা হয়নি। জয়দেবপুর সিজিএস কম্পাউন্ডে প্রায় ৩০বছর পূর্বে নির্মিত ৭,১৪০ বর্গফুট আয়তনের ভবন দ্বারা জয়দেবপুর ডিভিশনের আওতাধীন এলাকায় গ্যাস বিপণন, রাজস্ব আদায়, অপারেশনাল কার্যক্রমসহ অন্যান্য কার্যাদি সুচারুরূপে পরিচালনা করা সম্ভব নয় বিঁধায় কোম্পানীর নিজস্ব জমিতে ও নিজস্ব অর্থায়নে ১,৪৫১.২৬ (টাকা চৌদ্দ শত একান্ন দশমিক ছাব্বিশ) লক্ষ মাত্র ব্যয়ে গাজীপুরে ১৪ তলা ভিত্তিসহ ৪ তলা ডিভিশনাল অফিস ভবন নির্মাণের একটি প্রকল্প গত ১৯/১০/২০১৫ তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল ছিল জুলাই-২০১৫ হতে ৩০শে জুন, ২০১৮ পর্যন্ত।

১০। উদ্দেশ্যঃ প্রকল্পের ডিপিপি অনুসারে প্রকল্পের উদ্দেশ্য নিম্নরূপ-

- চাহিদা মাফিক গ্রাহক সেবা নিশ্চিত;
- ১৪ তলার ভিত ও ১টি বেসমেন্টসহ ৪ তলা ডিভিশনাল ভবন নির্মাণ এবং
- টিজিটিডিসিএল এর আঞ্চলিক বিপণন ডিভিশন গাজীপুর এর বিদ্যমান ৩ তলা ভবন নিশ্চিহ্নকরণ।

১১। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গত ১৯/১০/২০১৫ খ্রিঃ তারিখে প্রকল্পটি অনুমোদিত হয়। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত হওয়ায় সংশোধনের প্রয়োজন হয়নি।

১২। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
পণ্য					
GD 1 Supply and Installation of Generator	০৭/০২/২০১৮	২৬/০৪/২০১৮ চুক্তি মূল্যঃ ৳ ২৬,৫৯,০০০.০০ (টাকা ছাব্বিশ লক্ষ উনষাট হাজার)	৩০/০৬/২০১৮	২৩/০৬/২০১৮	--
GD 2 Supply and installation of 1 no. Passenger lift (800Kg Capacity)	০৬/১২/২০১৭	২০/০২/২০১৮ চুক্তি মূল্যঃ ৳ ৪৪,৮৬,০০০.০০ (টাকা চুয়াল্লিশ লক্ষ ছিয়াশি হাজার)	২০/০৫/২০১৮	২০/০৬/২০১৮	ঠিকাদারের আবেদনের প্রেক্ষিতে ৩০/০৬/২০১৮ পর্যন্ত সময় বর্ধিত
GD 3 Fire Fighting System	১৭/০২/২০১৮	১৫/০৫/২০১৮ চুক্তি মূল্যঃ ৳ ৯,১০,৪০০.০০ (টাকা নয় লক্ষ দশ হাজার চারশত)	৩০/০৬/২০১৮	২৩/০৬/২০১৮	--
GD 4 Solar Panel System	১৯/০২/২০১৮	১৪/০৫/২০১৮ চুক্তি মূল্যঃ ৳ ৮,৯০,০০০.০০ (টাকা আট লক্ষ নব্বই হাজার)	৩০/০৬/২০১৮	২৪/০৬/২০১৮	--
কার্য					
WD 1 Construction of office building including internal sanitary works, internal electrification, landscaping and outside parking	১০/০৩/২	--	--	--	১ম দরপত্র মূল্যায়নে [illegible]
	২২/০৫/২০১৬	০৫/১০/২০১৬ চুক্তি মূল্যঃ **৳১০,৯৯,২৮,২৫০.৪২** **(**টাকা দশ কোটি নিরানব্বই লক্ষ আটাশ হাজার দুইশত পঞ্চাশ এবং পয়সা বিয়াল্লিশ)	৩০/০৬/২০১৮	৩০/০৬/২০১৮	১ম দরপত্র মূল্যায়নে বাতিল হওয়ায় দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ ও কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক ২য় দরপত্র আহ্বান করা হয়।

সেবা					
SD-1 Consultancy Fee	২১/১১/২০১৬	১২/০৯/২০১৭ চুক্তি মূল্যঃ ৳ ২৯,৯৭,৫৭০.৩১ (টাকা উনত্রিশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত সত্তর এবং পয়সা একত্রিশ)	১৬/১১/২০১৯	৩০/০৬/২০১৮	রক্ষণাবেক্ষণ সময়কাল চুক্তির অন্তর্ভুক্ত

১৩। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

জুলাই ২০১৫ হতে প্রকল্পের শুরু হয়ে ৩০, জুন ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ১২০৯.৯৬৬৬ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৮৩.৩৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

অর্থ বছর	এডিপি বরাদ্দ			বিভাজন	ব্যয়			অব্যয়িত অর্থ
	মোট	টাকা	সংস্থার নিজস্ব অর্থায়ন		মোট	টাকা	সংস্থার নিজস্ব অর্থায়ন	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০১৫-১৬	১০.০০	১০.০০	১০.০০	-	৪.৩৪৩৭	৪.৩৪৩৭	৪.৩৪৩৭	৫.৬৫৬৩
২০১৬-১৭	৬০০.০০	৬০০.০০	৬০০.০০	-	৪৬৪.৬৪৪	৪৬৪.৬৪৪	৪৬৪.৬৪৪	১৩৫.৩৫৬
২০১৭-১৮	৯১০.০০	৯১০.০০	৯১০.০০	-	৭৪০.৯৭৫২	৭৪০.৯৭৫২	৭৪০.৯৭৫২	১৬৯.০২৪৮
সর্বমোট	১৫২০.০০	১৫২০.০০	১৫২০.০০	-	১২০৯.৯৬৬৬	১২০৯.৯৬৬৬	১২০৯.৯৬৬৬	৩১০.০৩৩৪

এ প্রকল্পের অনুমোদিত ব্যয় ১৪৫১.২৬ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ১২০৯.৯৬৬৬ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট বিভাজনকৃত টাকার পরিমাণ ১২০৯.৯৬৬৬ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে বিভাজনকৃত সাশ্রয়ী অর্থ ২৪১.২৯৩৪ লক্ষ টাকা (১৪৫১.২৬ - ১২০৯.৯৬৬৬ লক্ষ টাকা)।

১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ১ (এক) জন কর্মকর্তা ই প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	বদলীর তারিখ	মন্তব্য
স্থপতি আলী রেজা মোঃ ইউনুস, প্রকল্প পরিচালক ও উপমহাব্যবস্থাপক, পরিকল্পনা (অতিঃ দাঃ)	পূর্ণকালীন	-	১৫/০২/২০১৬ খ্রিঃ	-	নির্মিত ভবনের ঠিকাদারী প্রতিষ্ঠানের রক্ষণাবেক্ষণকাল ৩০/০৬/২০১৯ পর্যন্ত প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করবেন।

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	একটি বেসমেন্টসহ মোট ৩,২০২ বর্গমিটার (৩৪,৪৫৪ বর্গফুট) আয়তন বিশিষ্ট ৪তলা ডিভিশনাল অফিস ভবন	প্রকল্পের আওতায় গাজীপুর ডিভিশনাল অফিস বিল্ডিং-এর ১৯৮ টি পাইল, ১টি বেজমেন্টসহ মোট ৩,২০২ বর্গমিটার

ক্রঃ	উদ্দেশ্য	অর্জিত ফলাফল
	নির্মাণের মাধ্যমে গাজীপুর আঞ্চলিক বিপণন বিভাগের বর্ধিত জনবলের কর্মপরিবেশ সৃষ্টি ও বর্ধিত গ্রাহকের সেবার মান নিশ্চিত করা। প্রকল্পের আওতায় ১৫০ কেভিএ ক্ষমতাসম্পন্ন ডিজেল জেনারেটর, ৮০০কেজি ক্ষমতাসম্পন্ন একটি প্যাসেঞ্জার লিফট, ফায়ার ফাইটিং সিস্টেম ও ৪ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন সোলার সিস্টেম ইন্সটলেশন করা।	(৩৪,৪৫৪ বর্গফুট) আয়তন বিশিষ্ট ৪তলা ডিভিশনাল অফিস ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে। মূল ভবনের প্রবেশ পথে সিকিউরিটি বিল্ডিং-এর নির্মাণ সহ প্রকল্পের অন্যান্য প্যাকেজের আওতায় ১টি ১৫০ কেভিএ ক্ষমতাসম্পন্ন ডিজেল জেনারেটর, ১টি ৮০০ কেজি প্যাসেঞ্জার লিফট, ১টি ৪ কিলোওয়াট সোলার সিস্টেম ও ফায়ার ফাইটিং সিস্টেম ইন্সটলেশন করা হয়েছে।

১৬। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে । নির্মিত TGTDCL ভবনটি বর্তমানে অফিস পরিচালনা করা হচ্ছে।

১৭। অডিট (নিরীক্ষা):

TGTDCL এর নিজস্ব অডিট ডিপার্টমেন্ট দ্বারা Internal Audit সম্পন্ন করা হয়েছে। এছাড়া, ২০১৬-১৭ অর্থবছরে ২৫-০৯-২০১৭ খ্রিঃ তারিখে নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। কিন্তু কোন অডিট আপত্তি পাওয়া যায়নি মর্মে পিসিআর এ উল্লেখ রয়েছে। তবে, ২০১৭-২০১৮ অর্থবছরে নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক নিরীক্ষা অদ্যাবধি সম্পন্ন হয়নি। অবলিম্বে নিরীক্ষা সম্পাদনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৮। প্রকল্প বাস্তবায়ন সমস্যা :

প্রকল্প বাস্তবায়ন ইতোমধ্যে সমাপ্ত । উল্লেখ্য প্রকল্পটির দরপত্র মূল্যায়ন চলাকালীন থেকে শুরু করে প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হওয়া পর্যন্ত সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান (মেসার্স প্রজেক্ট বিল্ডার্স লিঃ এবং মার্ক কনস্ট্রাকশন এন্ড ইঞ্জিনিয়ার্স লিঃ (জেভি)) বিভিন্নরকম ভয়ভীতি প্রদর্শন ও বাধা সৃষ্টি করে। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান (মেসার্স জামাল এন্ড কোম্পানি এবং মার্ক বিল্ডার্স লিঃ (জেভি))-কে কার্যাদেশ প্রদান করার পর সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান হাইকোর্টে রিট করে। মহামান্য আদালত উক্ত রিট খারিজ করে দেন। পরবর্তীতে মহামান্য হাইকোর্টের রায়ের বিরুদ্ধে উক্ত ঠিকাদার মহামান্য সুপ্রিম কোর্টে CIVIL MISCELLANEOUS PETITION দায়ের করে। মহামান্য আদালত উক্ত PETITION-এর শুনানীতে "NO ORDER" আদেশ দেন এবং খারিজ করেন। ফলে মাহামান্য হাইকোর্ট বিভাগের রায় বহাল থাকে অর্থাৎ তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ আপিল বিভাগেও জয়লাভ করে। তৎপরবর্তীতে সুপ্রিম কোর্টের Appellate Division-এ CIVIL PETITION দায়ের করে এবং উক্ত সিভিল পিটিশনও মহামান্য আদালত খারিজ করে দেন। সর্বোচ্চ দরদাতা কর্তৃক নানারকম ভয়ভীতি প্রদর্শন, বাধা সৃষ্টি এবং মামলামোকদ্দমা সত্ত্বেও প্রকল্প পরিচালকের দূরদর্শিতা ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় প্রকল্পটি নির্ধারিত সময়ে সম্পন্ন হয়।

উল্লেখ্য বিগত ৮/১১/২০১৭ইং তারিখে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় উক্ত সর্বোচ্চ দরদাতা মামলাকারী ঠিকাদারী প্রতিষ্ঠান থেকে মামলার খরচ আদায়ের পদক্ষেপ গ্রহণ এবং অহেতুক মামলা দায়ের করে সরকারি কার্যসম্পাদনে বাধা সৃষ্টির জন্য কালো তালিকাভুক্ত করার আইনগত বিষয়টি পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ কর্তৃপক্ষ অদ্যাবধি কোন ব্যবস্থা গ্রহণ করেনি। এ বিষয়ে তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ কর্তৃপক্ষকে কার্য্যকর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা যেতে পারে।

১৯। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run): প্রকল্পটি নির্ধারিত মেয়াদের মধ্যেই বাস্তবায়িত হয়েছে।

২০। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন: প্রকল্প মেয়াদে একজন প্রকল্প পরিচালক দায়িত্বরত ছিলেন।

২১। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ: চুক্তি বাস্তবায়নে কোন বিলম্ব হয়নি।

২২। এক নজরে পরিদর্শনের কিছু আলোকচিত্র:



চিত্র-০১ বর্ণনা: নির্মিত TGTDCL ভবনের সম্মুখভাগ



চিত্র-০২ বর্ণনা: প্রকল্প অফিসে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে IMED প্রতিনিধি।



চিত্র-০৩ বর্ণনা: নির্মিত TGTDCL ভবনের সম্মুখ অংশে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে IMED প্রতিনিধি।



চিত্র-০৪ বর্ণনা: নির্মিত TGTDCL ভবনের প্রধান ফটক।

২৩। পরিদর্শন পর্যবেক্ষণঃ

২৩.১ প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৮৩.৩৭% এবং বাস্তব অগ্রগতি ১০০%। ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য ১৪৫১.২৬ লক্ষ -এর বিপরীতে ১২০৯.৯৬৬৬ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পটি সমাপ্ত হয়েছে যা মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ২৪১.২৯৩৪ লক্ষ টাকা কম অর্থাৎ প্রকল্পটিতে ১৬.৬৩% অর্থ সাশ্রয় হয়েছে।

২৩.২ প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকালের মধ্যেই প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

২৩.৩ ২০১৬-১৭ অর্থবছরে নিরীক্ষা সমাপনান্তে কোন অডিট আপত্তি পাওয়া যায়নি। নিরীক্ষা অধিদপ্তরের মাধ্যমে ২০১৭-২০১৮ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম অদ্যাবধি সম্পন্ন হয়নি।

২৩.৪ প্রকল্পটির দরপত্র মূল্যায়ন চলাকালীন থেকে শুরু করে প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হওয়া পর্যন্ত মোট ০৩টি মামলা হয়। সবক'টি মামলাতে সরকার পক্ষ জয়ী হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সম্পন্ন হয়।

২৪। সুপারিশ:

২৪.১ নিরীক্ষা অধিদপ্তরের মাধ্যমে অবিলম্বে ২০১৭-২০১৮ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করতে হবে।

২৪.২ নির্মিত ভবনটির যথাযথ রক্ষণাবেক্ষণ এবং সকল শ্রেণীর গ্রাহকদের উন্নত সেবা প্রদান নিশ্চিত করতে হবে। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রনালয় ও বাস্তবায়নকারী সংস্থার মনোযোগ দিতে হবে।

২৪.৩ ভবিষ্যতে প্রকল্পের গুনগত মান নিশ্চিত করার জন্য Quality Management এর সকল ক্ষেত্র অনুসরণে প্রকল্প সংশ্লিষ্টরা সচেষ্ট থাকবেন;

আশুগঞ্জ ও এলেঙ্গা কম্প্রেসর স্টেশন স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্তঃ জুন, ২০১৮)

১। প্রকল্পের নাম : আশুগঞ্জ ও এলেঙ্গা কম্প্রেসর স্টেশন স্থাপন (২য় সংশোধিত) প্রকল্প।

২। প্রকল্পের অবস্থান : ঢাকা বিভাগের এলেঙ্গা , কালিহাতি, টাঙ্গাইল এবং চট্রগ্রাম বিভাগের ব্রাহ্মনবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলা।

৩। বাস্তবায়নকারী সংস্থা : গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল), (পেট্রোবাংলার একটি কোম্পানী) ।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয় / জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ।

৫। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল :

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	সংস্থার নিজস্ব		ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	৩০৪০৮.৪৮	৯৪৮১.১৩	২০৯২৭.৩৫	-	জানুয়ারি ২০০৬ - জুন ২০০৮	০.০০%	০.০০%
সংশোধিত (১ম)	১৪৯৪১৩.৩৪	৫৪৪৭৭.১৫	৯১৯১২.২১	৩০২৩.৯৯	জানুয়ারি ২০০৬ - জুন ২০০৯	০.০০%	০.০০%
সর্বশেষ সংশোধিত (২য়) (প্রযোজ্য ক্ষেত্রে)	১৪৩০৫৯.৪৩	৪৯১৪১.২২	৮৮৭১২.৮৪	৫২০৫.৩৭	জানুয়ারি ২০০৬ - জুন ২০১৮	৩৩৭.৫৭%	৪০০%
প্রকৃত ব্যয় ও বাস্তবায়নকাল	১৩৩০৫৮.৪২	৪৮১১৮.৯০	৮১০৮১.৩৩	৩৮৫৮.১৯	জানুয়ারি ২০০৬ - জুন ২০১৮	৩৩৭.৫৭%	৪০০%

৬। প্রকল্পের অবস্থান:

বিভাগ	জেলা	উপজেলা	স্থান
ঢাকা	টাঙ্গাইল	কালিহাতি	এলেঙ্গা
চট্রগ্রাম	ব্রাহ্মনবাড়িয়া	আশুগঞ্জ	আশুগঞ্জ

৭। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:** প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (তথ্য সূত্রঃ পিসিআর) ।

(লক্ষ টাকায়)

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১		২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব ব্যয়ঃ							
৪৫০০	কর্মকর্তাদের বেতন	সংখ্যা	২৬০.০০	১৩	২১৯.৫৫	-	(বাস্তব -৪০.৪৫)
৪৬০০	কর্মচারীদের বেতন	সংখ্যা	৬৭.০০	৯	৫৪.১৬	-	(বাস্তব -১২.৮৪)
৪৭০০	ভাতাদি	-					
৪৭০৫	বাড়ী ভাড়া	-	১২১.১৫		৭৯.৮৫		(বাস্তব -৪১.৩০)
৪৭০৯	শ্রান্তি বিনোদন	-	১৫.০০		১৪.৫৭		(বাস্তব -০.৪৩)
৪৭১৩	উৎসব বোনাস	-	৪০.৫০		২৭.৪২		(বাস্তব -১৩.০৮)
৪৭১৭	চিকিৎসা ভাতা	-	১২.৩৫		৮.১৪		(বাস্তব -৪.২১)
৪৭২৫	ওয়াশিং ভাতা	-	৪.০০		১.৩২		(বাস্তব -২.৬৮)
৪৭৫৫	টিফিন ভাতা	-	৩.০০		০.৪৪		(বাস্তব -২.৫৬)
৪৭৬৫	যাতায়ত ভাতা	-	৩.০০		১.২৫		(বাস্তব -১.৭৪)
৪৭৭৫	পোশাক ভাতা	-	১০.০০		১০.০০		(-)
	অনান্য ভাতা	-					
	১)গ্যাস ভাতা	-	৮.০০		৬.২৯	-	(বাস্তব -১.৭১)
	২) ইনসেনটিভ ভাতা	-	৩২.০০		১৫.৭৭	-	(বাস্তব -১৬.২৩)
	৩) লিভ এনক্যাশমেন্ট	-	৪.৭০		০.৪৮	-	(বাস্তব -৪.২২)
৪৮০০	সরবরাহ ও সেবাঃ	-					
৪৮০১	ভ্রমন ভাতা	-	৪.০০		২.৩৮	--	(বাস্তব -১.৬২)
৪৮০৫	অধিকাল ভাতা	-	৪১.০০		৩৩.০৫	--	(বাস্তব -৭.৯৫)
৪৮০৬	অফিস ভাড়া	-	৭৮.৫০		৭৮.৩৯	--	(বাস্তব -০.১১)
৪৮১৩	কনসালটেন্সী আইটি, ট্যাক্স ও ভ্যাট	-	১,৬৮৭.৫৩	৪৫%	৭৬০.১৬	--	(বাস্তব -৯২৭.৩৭)
৪৮১৪	অন্যান্য কর	-	০.২৬		০.২৫		(বাস্তব -০.০১)
৪৮১৫	ডাক	-	৫.০৯		২.১৮		(বাস্তব -২.৯১)
৪৮১৬	টেলিফোন	-	৭.৬৬		৫.৯৫		(বাস্তব -১.৭১)
৪৮১৭	টেলেক্স/ফ্যাক্স	-	০.০১		০.০০		(বাস্তব -০.০১)
৪৮১৯	পানি	-	৫.৭০		৫.৩১		(বাস্তব -০.৩৯)
৪৮২১	বিদ্যুৎ	-	১০.৩০		৯.৫১		(বাস্তব -০.৭৯)
৪৮২২	গ্যাস ও জ্বালানী	-	৩৫.০০	-	৩৩.৬১	-	(বাস্তব -১.৩৯)
৪৮২৩	পেট্রোল ও লুব্রিকেন্ট	-	৩.০০	-	০.৭৭	-	(বাস্তব -২.২৩)
৪৮২৪	বীমা/ব্যাংক চার্জেস	-	৯.৬৯	-	৯.০৯	-	(বাস্তব -০.৬০)
৪৮২৮	ষ্টেশনারী, সীল ও ষ্ট্যাম্প	-	১৩.৩৭	-	১২.৭০	-	(বাস্তব -০.৬৭)

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১		২	৩	৪	৫	৬	৭
৪৮৩১	বইপত্র ও সাময়িকী	-	২.০০	-	১.২২	-	(বাস্তব -০.৭৮)
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	-	১০.৮০	-	১০.৪৩	-	(বাস্তব -০.৩৭)
৪৮৪০	প্রশিক্ষন ব্যয়	সংখ্যা	৩৬৮.০১	২৫	৩৬২.৭৮	২২.৫০	(বাস্তব -৫.২৩)
৪৮৪২	সেমিনার ও কনফারেন্স	-	২.৪০	-	১.৬৭	-	(বাস্তব -০.৭৩)
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	-	২৪.০০	-	২১.২৭	-	(বাস্তব -২.৭৩)
৪৮৭৪	কনসালটেন্সী	জন মাস	২৯৯২.০৬	১৩০	২৭১৬.৮০	১২৯.৩৯	(বাস্তব -২৭৫.২৬)
৪৮৮২	আইন সংক্রান্ত ব্যয়	-	২৪.০০	-	১৯.০৫	-	(বাস্তব -৪.৯৫)
৪৮৮৩	সম্মানী ভাতা	-	১০.০০	-	৮.৭৩	-	(বাস্তব -১.২৭)
৪৮৮৬	সার্ভে এন্ড সয়েল এন্ড সাব-সারফেজ ইনভেস্টিগেশন	-	২৫.০০	-	১৮.৫৫	-	(বাস্তব -৬.৪৫)
৪৮৮৭	ফটোকপি	-	৭.০০	-	৬.১৮	-	(বাস্তব -০.৮২)
৪৮৯৯	অন্যান্য ব্যয়	-		-	-	-	
	১) ল্যান্ডিং চার্জ, পোর্ট ডিউজ, ইনস্যুরেন্স, এলসি	-	৪৮৩.০০	-	৪৮৩.০০	-	০.০০
	২) ফ্রেইট ও ইনস্যুরেন্স	-	১৫০০.০০	-	১৫০০.০০	-	০.০০
	৩) প্রি-শিপমেন্ট	-	৯৪.৯৯	-	৯৪.৯৯	-	০.০০
৪৯০০	মেরামত ও পূনর্বাসন	-		-		-	
৪৯০১	যানবাহন	-	২১.৫০	-	১৯.৯৮	-	(বাস্তব -১.৫২)
৪৯০৬	আসবাবপত্র	-	১.৫৯	-	০.৬৫	-	(বাস্তব -০.৯৪)
৪৯১১	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	-	৪.২২	-	১.৯৪	-	(বাস্তব -২.২৮)
৪৯৮৬	পুনর্বাসন	-	০.০০	-	০.০০	-	০.০০
৪৯৯১	অন্যান্য মেরামত ও সংরক্ষন	-	৩.০৮	-	৩.০৮	-	০.০০
উপ-সমষ্টি (রাজস্ব)		-	**৮০৫৫.৪৬**	**-**	৬৬৬২.৯২	-	-
(খ) মূলধন ব্যয়ঃ							
৬৮০০	সম্পদ সংগ্রহ/ ক্রয়ঃ						
৬৮০৭	মোটরযান						
	১) এসইউভি	সংখ্যা	৩২.০৩	১	৩২.০৩	১	০.০০
	২) ডবল কেবিন পিক আপ	সংখ্যা	১৮.২৬	১	১৮.২৬	১	০.০০
	৩) ভাড়া ভিত্তিক এসইউভি	সংখ্যা	১৫.০০	১	৪.২৫	১.০০	(বাস্তব -১০.৭৫)
৬৮১৩	আমদানীকৃত মালামাল,	লট	৬৯৩৬৩.৬৯	১	৬৮১৪৭.৯৮	১	(বাস্তব-১২১৫.৭১)

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১		২	৩	৪	৫	৬	৭
	যন্ত্রপাতি, ও সরঞ্জাম ১) কম্প্রেসর স্টেশন						
৬৮১৫	কম্পিউটার ও এক্সসরিজ	-	১.০০	-	০.৪২	-	(বাস্তব -০.৫৮)
৬৮১৭	অফিস সরঞ্জাম	-	৪.০৩	-	৪.০৩	-	০.০০
৬৮১৯	আসবাবপত্র	-	২.৬৯	-	২.৬৯	-	০.০০
৬৯০০	ভূমি অধিগ্রহন ও ক্রয়	-		-			
	১) মুচাই স্টেশন ভূমি অধিগ্রহণ	হেক্টর	৪৭.৪৬	৭.০৬	৩৭০.১৯	৭.০৬	(বাস্তব -২.৫৫)
	২) এলেঙ্গা স্টেশনের আবাসিক এলাকার ভূমি অধিগহণ	একর	২৯২.৫০	১.০০		১.০০	
	৩) আশুগঞ্জ স্টেশনের জন্য আরপিজিসিএল হতে ভূমি গ্রহণ	একর	০.০০	২০.৭৩		২০.৭৩	
	৪) এলেঙ্গা স্টেশনের জন্য আরপিজিসিএল হতে ভূমি গ্রহণ	একর	৩২.৭৮	২.৮৪		২.৮৪	
৭০০০	নির্মান ও পুর্তঃ						
৭০০১	ভূমি উন্নয়ন	ঘ:মি:	৮৪.৪০	৪০০০০	৭৭.৮৩	৪০০০০	(বাস্তব -৬.৫৭)
৭০০৬	অফিস ভবন	ব:মি:	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৭০১১	বাসভবন	ব:মি:	৭৩০.০০	৩০০০	৬৪২.৭১	২৮৬০	(বাস্তব -৮৭.২৯)
৭০১৬	অন্যান্য ভবন ও অবকাঠামো	থোক	২৮৮.০০	-	২৮৬.৮১	-	(বাস্তব -১.১৯)
৭০৮১	অনান্য						
	ক) কম্প্রেসর স্টেশন স্থাপন	লট	৫১২৮৬.৭৪	-	৫০৪৪৮.২১		(বাস্তব-৮৩৮.৫৩)
৭৯০০	সিডি ভ্যাট ও IDC এর্ং কমিটমেন্ট চার্জ	-	-	-	-	-	-
৭৯০১	সিডি ভ্যাট	-	৬৩৪১.০০	-	৬৩৪০.২২	-	(বাস্তব-০.৭৮)
৭৯৮০	IDC	-	১৯.৮৬	-	১৯.৮৬	-	০.০০
	কমিটমেন্ট চার্জ	-	৬৪৪৪.৫৩	-	০.০০	-	(বাস্তব-৬৪৪৪.৫৩)
উপ-সমষ্টি (মূলধন)		-	১৩৫০০৩.৯৭	-	১২৬৩৯৫.৫০	-	-
৭৯৮১	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	০.০০	-	-	-	-
	প্রাইস কন্টিনজেন্সি	-	০.০০	-	-	-	-
সর্বমোট		-	**১৪৩০৫৯.৪৩**	-	**১৩৩০৫৮.৪২**	-	-

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে সংযোজিত তথ্যানুযায়ী প্রকল্পের ভৌত অগ্রগতি ১০০% এবং সরজমিন পরিদর্শণে জানাযায় যে, প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই।

৯। পটভূমিঃ

বাংলাদেশ গ্যাস নেটওয়ার্ক উন্নয়ন তথা গ্যাস গ্রিড উন্নয়নের লক্ষ্যে এডিবি কর্তৃক ২০০৪-০৫ সালে বিশেষায়িত বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে "Technical, Financial & Economic Analysis" শীর্ষক এক সমীক্ষা সম্পন্ন হয়। উক্ত সমীক্ষায় নতুন নতুন পাইপলাইন নির্মাণ ব্যতিত অন গ্রিড কম্প্রেসার ষ্টেশন স্থাপনের মাধ্যমে বাংলাদেশের গ্যাস গ্রিড নেটওয়ার্ক উন্নয়নে সর্বাধিক সুবিধা গ্রহনের সম্ভবনার বিষয়টি সু-স্পষ্ট সুপারিশ প্রণীত হয়। এ লক্ষ্যে মুচাই, আশুগঞ্জ ও এলেঙ্গায় অন গ্রিড কম্প্রেসার ষ্টেশন স্থাপনের নিমিত্ত প্রস্তুতকৃত ২টি খসড়া ডিপিপি ২৬ এপ্রিল ২০০৬ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। দুটি পৃথক প্রকল্পের আওতায় মুচাই ও আশুগঞ্জ (দক্ষিণ) এবং আশুগঞ্জ (পশ্চিম) ও এলেঙ্গা কম্প্রেসার ষ্টেশন স্থাপন অর্থাৎ মোট চারটি কম্প্রেসর স্টেশন স্থাপনের জন্য একনেকের অনুমোদন পাওয়া যায়। একনেকের অনুমোদন পরবর্তী মুচাই ও আশুগঞ্জ (দক্ষিণ) কম্প্রেসার স্টেশন স্থাপনের নিমিত্ত আর্ন্তজাতিক দরপত্র আহ্বান এবং মূল্যায়িত সর্বনিম্ন দরদাতার উদ্বৃত্ত দর দাতা সংস্থা এডিবি'র প্রকল্প সাহায্য খাতে সংস্থাপিত ৫৫ মিলিয়ন মার্কিন ডলার অপেক্ষা ১৫৩% অতিরিক্ত হওয়ায় অতিরিক্ত অর্থ সংস্থান ব্যতিত উক্ত কম্প্রেসার ষ্টেশনদ্বয় স্থাপন কার্যক্রম সম্পাদন সম্ভব হয়নি। পরবর্তীতে সরকারের সিদ্ধান্তক্রমে সরাসরি বৈদেশিক বিনিয়োগে শেভরণকে মুচাইয়ে কম্প্রেসর ষ্টেশন স্থাপনের দায়িত্ব অর্পন এবং এডিবি'র নতুন ঋণের আওতায় মুচাই ব্যতীত অবশিষ্ট দুটি স্থানে যথা-আশুগঞ্জ (দক্ষিণ ও পশ্চিম) কম্প্রেসার স্টেশনদ্বয়কে একীভূত করে আশুগঞ্জ এবং এলেঙ্গায় কম্প্রেসার স্টেশন স্থাপনের লক্ষ্যে ডিপিপি সংশোধনের নির্দেশনা প্রদান করা হয়। সরকারী নির্দেশনার আলোকে পরবর্তীতে সংশোধিত ডিপিপি অনুযায়ী আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হয়। অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্প বাস্তবায়নকাল জানুয়ারি, ২০০৬ হতে জুন, ২০১৮ পর্যন্ত।

১০। উদ্দেশ্যঃ ডিপিপি অনুযায়ী প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে:-

- গ্রিড পাইপলাইনে গ্যাসের চাপ বৃদ্ধির মাধ্যমে গ্রিড সক্ষমতা উন্নীতকরণ ও দরবর্তী অফ-ট্রান্সমিশন প্রান্তে স্থিতিশীল চাপে গ্যাস সরবরাহ;
- নতুন নতুন সঞ্চালন পাইপলাইন নির্মাণ পরিহার করতঃ কম্প্রেসর স্টেশনের মাধ্যমে জাতীয় গ্রিডের সক্ষমতা বৃদ্ধিসহ বিতরণ কোম্পানীর চাহিদা অনুযায়ী গ্রিড হতে গ্যাস সরবরাহকরণ;
- উৎপাদন কূপ সমূহের Wellhead চাপ হ্রাসজনিত কারণে উৎপাদন হ্রাস পাওয়ায় স্থিতিশীল উৎপাদন নিশ্চিতকরণের পাশাপাশি সঞ্চালন পাইপলাইনের গ্যাস চাপ উন্নীতকরণের মাধ্যমে জাতীয় গ্রিডে নিরিবছিন্ন গ্যাস সরবরাহ নিশ্চিতকরণ।

১১। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

<u>প্রকল্প অনুমোদন:</u>

বিগত ২৬ এপ্রিল ২০০৬ তারিখের একনেক সভায় অনুমোদিত ২টি পৃথক পৃথক ডিপিপি'র আওতায় মুচাই ও আশুগঞ্জ (দক্ষিণ) এবং আশুগঞ্জ (পশ্চিম) ও এলেঙ্গায় কম্প্রেসর ষ্টেশন স্থাপনের কার্যক্রম শুরু হয়।

প্রকল্প সংশোধন (১ম):

মুচাই ও আশুগঞ্জ (দক্ষিণ) এ দুটি কম্প্রেসার স্টেশনের জন্য পরপর দু'দফায় আন্তর্জাতিক দরপত্র আহবান করা হলেও উপযুক্ত দরদাতার না পাওয়া এবং সর্বশেষ দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণকারী সর্বনিম্ন দরদাতার মূল্যায়িত দর এডিবি'র বৈদেশিক সহায়তা খাতে সংস্থাপিত ৫৫.০০ মিলিয়ন মার্কিন ডলার অপেক্ষা ১৫৩% অতিরিক্ত হওয়ায় উক্ত কম্প্রেসার স্টেশন স্থাপন কার্যক্রম সম্পাদন সম্ভব হয়নি। পরবর্তীতে সরকারী সিদ্ধান্ত অনুযায়ী মুচাই ব্যতিত আশুগঞ্জ এলেঙ্গা য় SCOPE পরিবর্তনকরতঃ পরিবর্তিত প্রকল্পের আওতায় "আশুগঞ্জ ও এলেঙ্গায় কম্প্রেসার ষ্টেশন স্থাপন " শীর্ষক প্রকল্পের শিরোনামে সর্বমোট ১৪৯৪১৩.৩৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্য য় ও জানুয়ারি, ২০০৬ হতে সেপ্টেম্বর ২০১৫ পর্যন্ত বাস্তবায় নকাল নির্ধারণে ২২ জানুয়ারি, ২০১৩ তারিখের একনেক সভা য় প্রকল্পটি অনুমোদন লাভ করে। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জানুয়ারী, ২০০৬ হতে সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি হয়।

প্রকল্প সংশোধন (২য়):

টার্নকি ভিত্তিক নিয়োজিত ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির Special Conditions of Contract (SCC) এর Sub-clause 11.2 এর আলোকে Price Adjustment এর বিধান থাকায় জিটিসিএল কর্তৃক গঠিত কমিটির প্রণীত প্রতিবেদন অনুমোদন প্রক্রিয়াকালে জিটিসিএল পরিচালকমন্ডলী একটি বোর্ড গঠন করে। উক্ত বোর্ড কমিটি কর্তৃক প্রণীত প্রতিবেদন জিটিসিএল পরিচালকমন্ডলীর অনুমোদন লাভ করে। পরবর্তীতে ADB'র সম্মতি অনুযায়ী চুক্তিপত্রের Price Adjustment খাতে ঠিকাদারের প্রাপ্য অতিরিক্ত অর্থ বাবদ USD ২৬.০৮৯ million অর্থ যার মধ্যে বাংলাদেশী স্থানীয় মুদ্রায় টাকা ১৬,৩৮৫.৭১ লক্ষ মাত্র আরডিপিপি'র অব্যয়িত খাত হতে সমন্বয়ের প্রয়োজন দেখা দেয়। এছাড়া, ইপিসি ঠিকাদারের সাথে Liquidated damage (LD) এবং Price Escalation(PE) বিষয়ক সৃষ্ট বিরোধ নিষ্পন্নে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে Amicable settlement এর মাধ্যমে কম্প্রেসর ষ্টেশন অপারেশন ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম ১ অক্টোবর, ২০১৭ হতে ৩০ জুন ২০১৮ পর্যন্ত ইপিসি ঠিকাদারের (Material Cost ব্যতিত) মাধ্যমে পরিচালনার জন্য প্রকল্পের ডিপিপি'র ২য় সংশোধনীর প্রয়োজন হয়, যা ১২ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে পরিকল্পনা মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত হয়।

১২। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য **(লক্ষ টাকা)**	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য **(লক্ষ টাকা)**	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
পণ্য					
GD 1 Compressor Station					
(i) Compressor, Capacity 1500 MMCFD & 500 MMCFD at Ashuganj & Elenga	০১-০২-২০১০	২১-১০-২০১১ চুক্তি মূল্যঃ ৳ ১০৯১.৫৭ কোটি টাকা (টাকা এক হাজার একানব্বই কোটি সাতান্ন লক্ষ টাকা)	৩০-০৬-২০১৮	৩০-০৬-২০১৮	-
GD 2 Transport Vehicle					
(i) Jeep (2350 C.C)	২৪-০৪-২০০৮	২০-০২-২০০৮ চুক্তি মূল্যঃ ৳ ৩২,০৩,০০০.০০ (টাকা বত্রিশ লক্ষ তিন হাজার)	১৩-১০-২০০৮	১৩-১০-২০০৮	

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য **(লক্ষ টাকা)**	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য **(লক্ষ টাকা)**	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
Transport Vehicles (i) Pick-Up(Double Cabin, 2400 C.C)	২৯-০৬-২০০৮	২০-১০-২০০৮ চুক্তি মূল্যঃ ৳ ১৮.২৬ লক্ষ টাকা (টাকা আঠারো লক্ষ ছাব্বিশ হাজার)	১১-১১-২০০৮	১১-১১-২০০৮	
GD 3 Supply and Installation of Computer with printer					
(i) Desk Top with printer	০১-১১-২০০৬	০১-০১-২০০৭ চুক্তি মূল্যঃ ৳ ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ)	৩১-০১-২০০৭	৩১-০১-২০০৭	
(ii) IPS	৩০-৪-২০১২	১০-০৬-২০১২ চুক্তি মূল্যঃ ৳ ৮০,০০০.০০ (টাকা আশি হাজার)	৩০-০৬-২০১২	৩০-০৬-২০১২	
(iii) Laptop Computer for Planning Commission	০১-০১-২০১৩	০১-০২-২০১৩ চুক্তি মূল্যঃ ৳ ৫০,০০০.০০ (টাকা পঞ্চাশ হাজার)	২৮-০২-২০১৩	২৮-০২-২০১৩	
GD 4 Supply and Installation of Fax Machine with Telephone					
(i) Supply and Installation of Telephone	০১-০৬-২০০৬	০১-১২-২০০৬ চুক্তি মূল্যঃ ৳ ১২,০০০.০০ (টাকা বার হাজার)	১৫-১২-২০০৬	১৫-১২-২০০৬	
(ii) Supply and Installation of Fax Machine	৩০-৪-২০১২	১০-০৬-২০১২ চুক্তি মূল্যঃ ৳ ৩০,০০০.০০ (টাকা ত্রিশ হাজার)	৩০-০৬-২০১২	৩০-০৬-২০১২	
GD 5 Supply and Installation of Photocopy Machine	০১-১০-২০০৮	০১-০৩-২০০৯ চুক্তি মূল্যঃ ৳ ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ)	৩০-০৩-২০০৯	১৮-০৩-২০০৯	
GD 6 Supply and delivery of File Cabinet & Steel Almirah	০১-১০-২০০৬	০১-১১-২০০৬ চুক্তি মূল্যঃ ৳ ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ)	১৫-১১-২০০৬	১৩-১১-২০০৬	

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য **(লক্ষ টাকা)**	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য **(লক্ষ টাকা)**	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
GD 7 Supply and Installation of Split/Window type Air Conditioning	০১-১২-২০০৮	০১-০১-২০০৯ চুক্তি মূল্যঃ ৳ ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ)	৩০-০১-২০০৯	৩০-০১-২০০৯	
কার্য					
WD 1 Survey	০১-০১-২০০৬	০১-০২-২০০৬ চুক্তি মূল্যঃ ৳ ১,০০,০০০.০০ (টাকা এক লক্ষ)			
WD2 IEE, SIEE, EIA, Soil and Sub Surface Investigation					
(i) IEE, SIEE, EIA at Ashuganj & Elenga	২৭-১২-২০০৭	৩০-০৫-২০১১ চুক্তি মূল্যঃ ৳ ১২,০০,০০০.০০ (টাকা বার লক্ষ)	৩০-০৮-২০১১	২৮-০৮-২০১১	
(ii) Soil and Sub Surface Investigation Ashuganj & Elenga	১১-০৬-২০১২	১০-০৮-২০১২ চুক্তি মূল্যঃ ৳ ১২,০০,০০০.০০ (টাকা বার লক্ষ)	১০-১২-২০১২	১০-১২-২০১২	
WD3 Land Development	১৯-০৩-২০১৪	১৭-০৭-২০১৪ চুক্তি মূল্যঃ ৳ ৮৪,৪০,০০০.০০ (টাকা চুরাশি লক্ষ চল্লিশ হাজার)	১৭-১২-২০১৪	১৭-১২-২০১৪	
WD4 Civil Construction					
(ii) Residential and Dormitory Building at Ashuganj and Elenga.	০১-০৩-২০১৫	৩০-০৫-২০১৫ চুক্তি মূল্যঃ ৳ ৭,৩০,০০,০০০.০০ (টাকা সাত কোটি ত্রিশ লক্ষ)	৩০-০৫-২০১৮	৩০-০৫-২০১৮	
(iii) Others (Boundary wall, Fencing, Water & Electrical facilities etc) at Ashuganj and Elenga and other related facilities	০১-০৩-২০১৫	৩০-০৫-২০১৫ চুক্তি মূল্যঃ ৳ ২,৮৮,০০,০০০.০০ (টাকা দুই কোটি আটাশি লক্ষ)	৩০-১০-২০১৭	৩০-১০-২০১৭	
WD5 Compressor Installation and other related facilities	১০-০৫-২০১০	২১-১০-২০১১ চুক্তি মূল্যঃ $ ৫১,২৮৬,৭৪,০০০(টাকা পাঁচশত বার কোটি ছিঁয়াশি লক্ষ চুয়াত্তর হাজার)	৩০-০৬-২০১৮	৩০-০৬-২০১৮	

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য **(লক্ষ টাকা)**	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য **(লক্ষ টাকা)**	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
সেবা					
SD-1 Consultants for Supervision of Installation, Testing and Commissioning of Compressor Stations	০৯-০৮-২০১০	৩০-১১-২০১১ চুক্তি মূল্যঃ ৳ ২৯,৯২৬,০০০.০০ (টাকা উনত্রিশ কোটি বিরানব্বই লক্ষ ছয় হাজার টাকা)	৩০-০৬-২০১৮	৩০-০৬-২০১৮	রক্ষণাবেক্ষণ সময়কাল চুক্তির অন্তর্ভুক্ত
SD-2 Consultant for International Training	২৮-০৩-২০১৫	২৩-১১-২০১৬ চুক্তি মূল্যঃ ৳ ০৩,৬৮১,০০০.০০ (টাকা তিন কোটি আটষট্টি লক্ষ এক হাজার টাকা)	১৩-১০-২০১৭	১৩-১০-২০১৭	

১৩। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

জানুয়ারি, ২০০৬ হতে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়ে ৩০, জুন ২০১৮ পর্যন্ত সময়কালে প্রকল্পের বিপরীতে ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি মোট ১,৩৩,০৫৮.৪২ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৯৩.০১% এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের বছরভিত্তিক এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরপঃ

অর্থ বছর	আর**এডিপি বরাদ্দ**				অর্থ ছাড়	**ব্যয় ও বাস্তব অগ্রগতি**				
	মোট	**টাকা**	**প্র.সা (FC)**	**বাস্তব অগ্রগতি**		**মোট**	**GOB**	**সংস্থার নিজস্ব অর্থায়ন**	**প্র.সা (FC)**	**বাস্তব অগ্রগতি**
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
২০০৬-০৭	-	-		-	১০৯.১২	১২০.২৬	৬১.২১	-	৫৯.০৫	০.০৯
২০০৭-০৮	-	-		-	৭৫.০০	৯৫.৬৯	৩৮.১৯	-	৫৭.৫০	০.০৭
২০০৮-০৯	-	-		-	১৯৬.০০	২০২.১১	১৫২.২৭	-	৪৯.৮৪	০.১৫
২০০৯-১০	-	-		-	৭৫.০০	১৩৬.৩৬	৬২.০৪	-	৭৪.৩২	০.১০
২০১০-১১	-	-		-	১০২.৫০	২৭৩.৭৬	১০২.৫০	-	১৭১.২৬	০.২১
২০১১-১২	৮৬৩৫.০০	৫০.০০	৮৫৮৫.০০	৬.৪০	৫০.০০	৩১২.০৩	৫৫.৮২	১৫১.৮২	১০৪.৩৯	০.২৩
২০১২-১৩	৫২৫০০.০০	৬৩০০.০০	৪৬২০০.০০	৩৮.৮৯	৬৩০০.০০	৩৬৬৮৭.৪৩	৫৪৮৩.৮৩	৮১৬.১৭	৩০৩৮৭.৪৩	২৭.৫৭
২০১৩-১৪	৩৪৫৫০.০০	১৬০০০.০০	১৮৫৫০.০০	২৫.৫৯	১৬০০০.০০	৩৯৬৬০.৯৪	১৪৯৪৪.৭৬	-	২৪৭১৬.১৮	২৯.৮১

অর্থ বছর	আরএডিপি বরাদ্দ				অর্থ ছাড়	ব্যয় ও বাস্তব অগ্রগতি				
	মোট	টাকা	প্র.সা (FC)	বাস্তব অগ্রগতি		মোট	GOB	সংস্থার নিজস্ব অর্থায়ন	প্র.সা (FC)	বাস্তব অগ্রগতি
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
২০১৪-১৫	৭৩৯৯.০০	৩৮৯৯.০০	৩৫০০.০০	৫.৪৮	৩৮৯৯.০০	২০০২.৭৩	২০০২.৭৩	-	-	১.৫১
২০১৫-১৬	১১০০.০০	৬০০.০০	৫০০.০০	০.৮১	৬০০.০০	৩১৯৩.২৬	২৪৬১.১৪	-	৭৩২.১২	২.৪০
২০১৬-১৭	৯৩১০.০০	৩৮১০.০০	৫৫০০.০০	৬.৯০	৩৮১০.০০	১৬০০৮.০৩	৩৮১০.০০	২০৮৭.৪০	১০১১০.৬৩	১২.০৩
২০১৭-১৮	২১৫০০.০০	১৯০০০.০০	২৫০০.০০	১৫.৯৩	১৯০০০.০০	৩৪৩৬৫.৮২	১৮৯৪৪.৪১	৮০২.৮০	১৪৬১৮.৬১	২৫.৮৩
সর্বমোট	১৩৪৯৯৪.০০	৪৯৬৫৯.০০	৮৫৩৩৫.০০	১০০%	৫০২১৬.৬২	১৩৩০৫৮.৪২	৪৮১১৮.৯০	৩৮৫৮.১৯	৮১০৮১.৩৩	১০০%

প্রকল্পের বিপরীতে প্রাক্কলিত ১,৪৩,০৫৯.৪৩ লক্ষ টাকা হতে প্রকল্প বাস্তবায়নে সর্বমোট বরাদ্দ ১৩৪৯৯৪.০০ লক্ষ টাকা হতে সর্বমোট ১,৩৩,০৫৮.৪২ লক্ষ টাকা ব্যয় হয়েছে

১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ২ (দুই) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালনে নিয়োজিত ছিলেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলঃ

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	যোগদানের তারিখ	অবসর/বদলীর তারিখ	মন্তব্য
আমজাদ হোসেন মজুমদার মহাব্যবস্থাপক	পূর্ণকালীন	-	২৯-০৬-২০০৫	০৫-০১-২০১৭	তিনি মহাব্যবস্থাপক পদে কর্মরত থাকাকালীন ০৬-০১-২০১৭ তারিখ অবসরে যান।
মো: শফিকুল ইসলাম মহাব্যবস্থাপক	পূর্ণকালীন	-	০৮-০৩-২০১৭	-	তিনি প্রকল্পের সমাপ্তিকাল পর্যন্ত দায়িত্ব পালন করেন।

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

ক্রঃ	ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	অর্জিত ফলাফল
১।	গ্রিড পাইপলাইনে গ্যাসের চাপ বৃদ্ধির মাধ্যমে গ্রিড সক্ষমতা উন্নীতকরণ ও দরবর্তী অফ-ট্রান্সমিশন প্রান্তে স্থিতিশীল চাপে গ্যাস সরবরাহ;	আশুগঞ্জ ও এলেঙ্গা কম্প্রেসর স্টেশন দুটির সফল বাস্তবায়নের মাধ্যমে উন্নীত লাইন প্যাক নিশ্চিত হওয়ায় আশুগঞ্জ কম্প্রেসর স্টেশন হতে দৈনিক ১০০০ ঘনফুট গ্যাস বিতরণ সম্ভব হচ্ছে। এ ছাড়াও কার্যকরী গ্যাস সঞ্চালন সক্ষমতা অর্জিত হওয়ায় দরবর্তী অফ-ট্রান্সমিশন প্রান্তে গ্যাস চাপ বৃদ্ধি পেয়েছে। দৈনিক গ্যাস সঞ্চালন ক্ষমতা ১৫০০ মিলিয়ন ঘনফুট। এলেঙ্গা কম্প্রেসর স্টেশনটিতে এলএনজি না পাওয়ায় বর্তমানে গ্যাস বিতরণ সম্ভব হচ্ছে না।
২।	একাধিক সঞ্চালন পাইপলাইন নির্মাণ পরিহার করতঃ কম্প্রেসর স্টেশন স্থাপনের মাধ্যমে জাতীয় গ্রিডের সক্ষমতা বৃদ্ধিসহ বিতরন কোম্পানীর চাহিদার আলোকে গ্যাস সরবরাহকরণ;	গ্যাসের অবাধ প্রবাহ ও চাপ বৃদ্ধি করার লক্ষ্যে দুটি কম্প্রেসর স্টেশন স্থাপনে ব্যয়িত মোট ১৩৩ মিলিয়ন ডলার, যা আলাদাভাবে গ্যাস প্রবাহ ও চাপ বৃদ্ধির জন্য স্থাপন করা ট্রান্সমিশন পাইপলাইনের তুলনায় কম হওয়ায় লক্ষ্য অর্জিত হয়েছে।

ক্রঃ	ডিপিপি অনুযায়ী উদ্দেশ্য	অর্জিত ফলাফল
৩।	উৎপাদন কূপ সমূহের Wellhead চাপ হ্রাসজনিত কারণে স্থিতিশীল উৎপাদনের পাশাপাশি সঞ্চালন পাইপলাইনে গ্যাসের চাপ উন্নীতকরণের মাধ্যমে জাতীয় গ্রিডে স্থিতিশীল চাপে গ্যাস সরবরাহ নিশ্চিতকরণ।	স্থাপিত দুটি কম্প্রেসরের মাধ্যমে সঞ্চালন পাইপলাইনে গ্যাস প্রবাহ ও চাপ বৃদ্ধি পাওয়ায় দেশের সিলেট অঞ্চলে অবস্থিত উৎপাদন কূপ সমূহ হতে অধিক পরিমান গ্যাস সরবরাহ নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

১৬। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে ।

১৭। অডিট:

প্রকল্পটিতে GTCL এর নিজেস্ব অডিট ডিপার্টমেন্ট দ্বারা Internal Audit করা হয় এবং প্রতিটি অর্থবছরেই Foreign Aided Project Audit Directorate (FAPAD)-এর মাধ্যমে Audit সম্পন্ন করা হয়েছে।

FAPAD-কর্তৃক অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত সংক্ষিপ্ত তথ্য:

Audit period	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections Resolved or not.
2006-2007	31-03-2008	1. Irregular payment of Tk. 1,00,650.00 as pay and allowances beyond the DPP organogram. 2. Loss of Tk. 2,13,162.00 due to repair and maintenance of vehicles not belonging to the project. 3. Loss of Tk. 84,030.00 due to unauthorised payment of overtime allowances without work done. 4. Unspent balance for Tk. 4,92,000.00 not refunded to Govt. account.	Resolved
2007-2008	31-12-2008	1. Expenditure of Tk. 1,31,576.00 was incurred beyond the DPP organogram. 2. Excess payment of Tk. 25,717.68 was shown as revreation allowances.	Resolved
2008-2009	31-12-2009	1. Excess expenditure of Tk. 7,29,000.00 over the provision of DPP. 2. Irregular payment of Tk. 3,07,814.00 as salary with other allowances of staffs deputed from GTCL instead of outsourcing as per DPP.	Resolved
2009-2010	22-12-2010	1. Discrepancies of Tk. 92.82 Lakh between cumulative current period of FS and cumulative prior period of FS.	Resolved
2010-2011	29-12-2011	1. Allocation under capital expenditure spent for revenue expenditure. 2. VAT amounting to Tk. 2,21,884.00 less deducted from consultancy bills. 3. Challan not verified from the treasury office.	Resolved

Audit period	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections Resolved or not.
2011-2012	11-10-2012	1. Loss of Tk. 20,60,000.00 for not depositing interest of loan. 2. Depreciation cost shown as expenditure. 3. Expenditure incurred without any procurement plan. 4. Challan not verified by DAO/DCA valued Tk. 42,14,360.00	Resolved
2012-2013	31-12-2013	1. VAT & IT amounting to Tk 33,39,74,639.77 not deposited into Govt. account from the contractor bills. 2. Expenditure of Tk. 4,74,533.00 incurred beyond the provision of operation plan/procurement plan & RADP.	Resolved
2013-2014	29-12-2014	1. Less Deduction of VAT From auction Price of goods/property amounting to Tk. 66,275.00.	Resolved
2014-2015	31-12-2015	1. Materials for Tk. 54,45,975.62 supplied to the turnkey contractor from GTCL beyond the condition of Contract. 2. VAT & Tax for Tk. 2,51,70,191.57 not deducted from foreign currency payment of Contractor. 3. Liquidated damages not deducted from the Contractor due to Non-completion of work within schedule time.	Resolved
2015-2016	17-11-2016	1. Material was not supplied as per contract amount; amount of Tk. 25,519,544.51 violating contract agreement (Rule). 2. Payment of 2012-2013 FY of Tk. 215,074,970.88 has shown as expenditure of 2015-2016 FY.	After that FAPAD dropped First objections and settlement of other objections (Sl. No. 2) is under process.
2016-2017	31-12-2017	1. Excess payment made to the Contractor amounting to Tk. 24,44.000.20 due to less deducted of income tax. 2. Irregular expenditure amounting to Tk. 24,64,958.00 for foreign training beyond the GTCL personnel. 3. Treasury chalan copy against deposit of VAT amounting to Tk. 7,66,275.00 into Govt. head of account not found. 4. Treasury chalan copy against deposit of Tax amounting to Tk.10,21,701.00 into the Govt. head of account not found.	For the FY 2016-2017 FAPAD audit report submitting date was 31-12-2017 and broad sheet reply by GTCL date was 18-01-2017. After that FAPAD droped

Audit period	Date of submission of Audit Report	Major findings/ objections	Whether objections Resolved or not.
			Two objections and settlement of two objections (Sl. No. 3 & 4) is under process.
2017-2018		1. Loss of Govt. revenue incurred amounting to TK 31,07,35,296.75 due to not making payment IDV to govt by GTCL. 2. Unspent GOB fund amounting to Tk. 1900.42 lac was not depsited into govy. treasury after closing of project. 3. Discrepancy between received and expenditure of ADB fund amounting TK 256.79 blac in FS.	Broad sheet reply has sent to EMRD at 05-03-2019 from Petrobangla.

১৮। প্রকল্প বাস্তবায়ন সমস্যা :

২০.১। প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনে বিলম্ব ঘটায় সার্বিকভাবে এডিপিতে প্রকল্পের বিপরীতে স্থানীয় মুদ্রার বরাদ্দ কম দেওয়া হয় এবং অর্থ ছাড় বিলম্বিত হওয়ায় আমদানীকৃত মালামালের সিডি-ভ্যাট পরিশোধ এবং ইপিসি ঠিকাদারের বিলসহ প্রকল্পের নানাবিধ কার্যক্রমে অসুবিধা দেখা দেয়।

২০.২। ঠিকাদারী প্রতিষ্ঠান HEC কে কম্প্রেসর সরবরাহকারী প্রতিষ্ঠান Siemens কর্তৃক সহায়তা প্রদান না করা।

২০.৩। হরতাল/অবরোধের কারণে কার্যক্রম ধীর গতিসম্পন্ন হয়।

২০.৪। কমিশনিং পর্যায়ে কম্প্রেসরে স্থাপিত Strainer এর কারণে কম্প্রেসরের Inner Rotor Bundle ক্ষতিগ্রস্থ হয়ে কমিশনিং কার্যক্রমে বিপর্যয় দেখা দেয়।

১৯। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):

প্রকল্পটির নির্ধারিত মেয়াদ ছিল জানুয়ারি ২০০৬ হতে জুন ২০০৮। তবে প্রকল্পের দাতা সংস্থা কর্তৃক ঋনচুক্তি পরিবর্তন, প্রকল্পের বিভিন্ন কারিগরি সমস্যা সমাধানে বিলম্ব ঘটে যা প্রশাসনিক মন্ত্রণালয় সময় সময় অবহিত করার মাধ্যমে পরিকল্পনা কমিশনের অনুমোদন পূর্বক প্রকল্পের মেয়াদ জুন ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয় এবং বর্ধিত সময়ের মধ্যে প্রকল্পটি সমাপ্ত হয়।

২০। ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন:

প্রকল্প মেয়াদে দুইজন প্রকল্প পরিচালক দায়িত্বরত ছিলেন।

২১। চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ:

চুক্তি বাস্তবায়নে কোন বিলম্ব হয়নি। সংশোধিত মেয়াদকালের মধ্যেই প্রকল্প বাস্তবায়িত হয়েছে।

২২। এক নজরে পরিদর্শনের কিছু আলোকচিত্র:




চিত্র-০১: এলেঙ্গা কম্প্রেসর ষ্টেশনের সাথে সংযোগকৃত গ্যাস পাইপলাইন।



চিত্র-০২: এলেঙ্গা কম্প্রেসর ষ্টেশন পরিদর্শনকালে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা ও IMED প্রতিনিধি।



চিত্র-০৩: এলেঙ্গা কম্প্রেসর ষ্টেশন পরিদর্শনকালে উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ,কর্মচারী ও IMED প্রতিনিধি।



চিত্র-০৪: এলেঙ্গা কম্প্রেসর ষ্টেশনে স্থাপিত প্রসেস কন্ট্রোল রুম।

২৩। পরিদর্শন পর্যবেক্ষণঃ

২৩.১। প্রকল্পের সার্বিক কার্যক্রমের অগ্রগতির পর্যালোচনাএবং দিক নির্দেশনার জন্য সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও প্রক্রিয়াকরণের পরিপত্র অনুযায়ী DPPতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান না থাকায় DPP এর অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং এবং জবাবদিহিতার বিষয়টি উপেক্ষিত হয়।

২৩.২। প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনে বিলম্ব ঘটায় সার্বিকভাবে এডিপিতে প্রকল্পের বিপরীতে স্থানীয় মুদ্রার বরাদ্দ কম দেওয়া হয় এবং অর্থ ছাড় বিলম্বিত হওয়ায় আমদানীকৃত মালামালের সিডি-ভ্যাট পরিশোধ এবং ইপিসি ঠিকাদারের বিলসহ প্রকল্পের নানাবিধ কার্যক্রমে অসুবিধা দেখা দিলে উক্ত সমস্যা নিরসনে জিটিসিএল থেকে প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় মুদ্রার Bridge Financing করে বিল পরিশোধের ব্যবস্থা করা হয়।

২৩.৩। ঠিকাদারী প্রতিষ্ঠান HEC কে কম্প্রেসর সরবরাহকারী প্রতিষ্ঠান Siemens কর্তৃক সহায়তা প্রদান না করার প্রেক্ষিতে তাগাদা পত্র প্রদানের মাধ্যমে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য বলায় অগ্রগতি ত্বরান্বিত হয়।

২৩.৪। বৈদেশিক বিশেষজ্ঞগণকে সাইটে অবস্থান এবং লোকবল বৃদ্ধি ও অতিরিক্ত শিফট চালুর মাধ্যমে পিছিয়ে পড়া কার্যক্রমে অগ্রগতি আনয়ন করা হয়।

২৩.৫। কম্প্রেসর Clean-up Run করার মাধ্যমে আহরিত কনডেনসেট/পানি/ময়লা ইত্যাদি অপসারণের ব্যবস্থা নেয়া হয়েছে।

২৩.৬। এলেঙ্গা কম্প্রেসর স্টেশন চালু করার জন্য এলেঙ্গা প্রান্তে গ্যাসের চাপ ও প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে "ধনুয়া-এলেঙ্গা পাইপলাইন নির্মাণ কার্যক্রম প্রকল্প" চলমান। এর ফলে ভবিষ্যতে এলেঙ্গা কম্প্রেসর স্টেশন এর ডাউনস্ট্রিমে গ্যাস চাহিদা বৃদ্ধি পেলে উক্ত স্টেশন এর কার্যপরিধি বিস্তৃত হবে।

২৩.৭। কমিশনিং পর্যায়ে কম্প্রেসরে স্থাপিত Strainer এর কারণে কম্প্রেসরের Inner Rotor Bundle ক্ষতিগ্রস্থ হয়ে কমিশনিং কার্যক্রমে বিপর্যয় দেখা দিলে Shaft পরিবর্তনের প্রয়োজন দেখা দেয়ায় তা নুতনভাবে সংগ্রহ করে সাইটে আনা হয় মর্মে প্রকল্প পরিচালক জানান। যা সংযোজন করে কমিশনিং কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অপর ১ টি ইউনিটের Hydraulic Pump পর পর ৩য় দফায় নষ্ট হওয়ায় Siemens কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা সম্পন্নক্রমে সাইটে আনয়ন পূর্বক স্থাপন কাজ সম্পন্নকরণ শেষে কম্প্রেসর কমিশনিংসম্পন্ন করে চালু করার পর Dry Gas Seal নষ্ট হওয়ায় তা সংগ্রহক্রমে পরিবর্তন করার কারণে প্রকল্পের সার্বিক অগ্রগতি আনুমাণিক ৩-মাস বিলম্ব ঘটে।

২৩.৮। অডিট আপত্তিসমূহের নিস্পত্তির বিষয়ে ব্রডশীট জবাব দেয়া হয়েছেএবং সেগুলি নিস্পত্তির জন্য অন্যান্য কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

২৪। সুপারিশ:

২৪.১ প্রকল্পের মাধ্যমে নির্মিত স্থাপনা, পাইপলাইন ও যন্ত্রপাতিসমূহের যথাযথ রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে। গ্যাস সরবরাহ ব্যবস্থা নিবিড় পরিবীক্ষণের লক্ষ্যে আশুগঞ্জ ও এলেঙ্গাতে স্থাপিত কম্প্রেসর ষ্টেশন , ভাল্ব ষ্টেশন ও সিপি ষ্টেশনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে;

২৪.২ লক্ষ্যমাত্রা অনুযায়ী ডিস্ট্রিবিউশন কোম্পানীসমূহে প্রয়োজনীয় গ্যাস সরবরাহ নিশ্চিত করার বিষয়ে প্রশাসনিক মন্ত্রনালয় কর্তৃক উদ্যোগ গ্রহণ করতে হবে;

২৪.৩ প্রাক্কলিত ব্যয় ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রশাসনিক মন্ত্রনালয়ের পরিবীক্ষণ জোরদার করতে হবে;

২৪.৪ প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় ডিপিপিতে স্টিয়ারিং কমিটি (PSC) ও পিআইসি (PIC) এর সংস্থান রাখতে হবে;

২৪.৫ অডিট আপত্তিসমূহ জরুরী ভিত্তিতে নিস্পত্তির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২৪.৬ ভবিষ্যতে অনুরুপ প্রকল্প প্রণয়নের পূর্বে প্রকৃত ও কার্যকর সম্ভাব্যতা যাচাইসহ প্রস্তাবিত প্রকল্পের SWOT (Streangth, Weakness, Opportunities, Threats) Analysis করে প্রকল্প গ্রহণ করতে হবে।

২৫। উল্লিখিত সুপারিশের আলোকে আগামী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে গৃহীত ব্যবস্থা আইএমইডিকে অবহিত করতে হবে।

মহেশখালী - আনোয়ারা গ্যাস সঞ্চালন পাইপলাইন নিমার্ণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৮)

১। প্রকল্পের নাম : Construction of Maheshkhali – Anowara Gas Transmission Pipeline (1st Revised) "মহেশখালী -আনোয়ারা গ্যাস সঞ্চালন পাইপলাইন নিমার্ণ (১ম সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্প।

২। প্রকল্পের অবস্থান : কক্সবাজার জেলার মহেশখালী ও পেকুয়া উপজেলা এবং চট্টগ্রাম জেলার বাশখালি ও আনোয়ারা উপজেলা, চট্টগ্রাম বিভাগ।

৩। বাস্তবায়নকারী সংস্থা : গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল), [পেট্রোবাংলার একটি কোম্পানী]।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয় / জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৫। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল :

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	সংস্থার নিজস্ব		ব্যয় (%)	মেয়াদ(%)
মূল	৯৮১৯০.০০	৫৮৯১৪.০০	----	৪১৫৮৬.৮০	জুলাই ২০১৪ – জুন ২০১৬	০.০০%	০.০০%
সংশোধিত (১ম)	১০৩৯৬৭.০০	৬২৩৮০.২০	----	৩০২৩.৯৯	জুলাই ২০১৪ – ৩০, জুন ২০১৮	(-১৩.৯৭%)	২৪ মাস (১০০%)
প্রকৃত ব্যয় ও বাস্তবায়নকাল	৮৯৪৩৯.৪৬	৫৭৯২৩.১৪	----	৩১৫১৬.৩২	জুলাই ২০১৪ – ৩০, জুন ২০১৮	(-১৩.৯৭%)	২৪ মাস (১০০%)

৬। **প্রকল্পের অবস্থান** :

স্থান	বিভাগ	জেলা	উপজেলা
মহেশখালী হতে পেকুয়া	চট্টগ্রাম	কক্সবাজার	মহেশখালী, পেকুয়া
বাশখালী হতে আনোয়ারা	চট্টগ্রাম	চট্টগ্রাম	বাশখালী, আনোয়ারা

৭। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:** প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি (তথ্য সূত্রঃ পিসিআর) ।

(লক্ষ টাকায়)

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১		২	৩	৪	৫	৬	৭
ক) রাজস্ব ব্যয়ঃ							
৪৬০০	**কর্মচারীদের বেতন**						
৪৬০১	কর্মচারীদের বেতন	জন	৫.০০	৯	-	-	বাস্তব (-৫.০০)
৪৮০০	**সরবরাহ ও সেবা**						
৪৮০১	ভ্রমণ ব্যয়	থোক	২৫.০০	-	২৫.০০	-	-
৪৮০৫	অতিরিক্ত কাজের ভাতা	থোক	২.০০	-	-	-	বাস্তব (-২.০০)
৪৮০৬	অফিস ভাড়া	থোক	৪.২০	-	৪.২০	-	-
৪৮১৫	ডাক	থোক	২.০০	-	০.১১	-	বাস্তব (-১.৮৯)
৪৮১৬	টেলিফোন	থোক	১.৫	-	১.৫	-	-
৪৮১৭	টেলেক্স/ফ্যাক্স	থোক	১.০০	-	-	-	বাস্তব (-১.০০)
৪৮১৯	পানি	থোক	১.০০	-	১.০০	-	-
৪৮২১	বিদ্যুৎ	থোক	১.৫০	-	১.৫০	-	-
৪৮২২	গ্যাস ও জ্বালানি	থোক	৩.৫০	-	১.৪০	-	বাস্তব (-২.১০)
৪৮২৩	পেট্রোল এন্ড লুব্রিক্যান্ট	থোক	৮.০০	-	৮.০০	-	-
৪৮২৪	বীমা/ব্যাংক চার্জ	থোক	৪.০০	-	৩.৮৮	-	বাস্তব (-০.১২)
৪৮২৮	স্টেশনারী, সিল ও স্ট্যাম্প	থোক	৩.০০	-	৩.০০	-	-
৪৮৩৩	প্রচার ও বিজ্ঞাপন	থোক	৪.০০	-	৪.০০	-	-
৪৮৪৫	আপ্যায়ন ব্যয়	থোক	৯.০০	-	৮.২৩	-	বাস্তব (-০.৭৭)
৪৮৫১	অনিয়মিত শ্রমিক	থোক	৩৬.৬০	-	৩৬.৬০	-	-
৪৮৮২	আইন সংক্রান্ত ব্যয়	থোক	৩০.০০	-	০.৬০	-	বাস্তব (-২৯.৪০)
৪৮৮৩	সম্মানী	থোক	৭.০০	-	৭.০০	-	-
৪৮৮৬	সয়েল ও সাব-সারফেস ইনভেস্টিগেশন	থোক	৩০.০০	-	৩০.০০	-	-

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১		২	৩	৪	৫	৬	৭
৪৮৮৭	কপি/ফটোকপি ব্যয়	থোক	৪.০০	-	২.৪৭	-	বাস্তব (-১.৫৩)
৪৮৯৯	**অন্যান্য খরচ**						
	প্রি-শিপমেন্ট ইন্সপেকশন	থোক	২১১.৬৩	-	৪.০৮	-	বাস্তব (-২০৭.৫৫)
	ল্যান্ডিং চার্জ, পোর্ট ডিউজ, এলসি কমিশন, ট্রান্সপোর্টেশন ব্যয় ইত্যাদি	থোক	৩১৭৪.৪২	-	২১০৮.৭৩	-	বাস্তব (-১০৬৫.৬৯)
	অন্যান্য ফি	থোক	২০.০০	-	০.০৪	-	বাস্তব (-১৯.৯৬)
৪৯০০	**মেরামত, সংরক্ষন ও পুনর্বাসন**						
৪৯০১	গাড়ী	সংখ্যা	২.০০	১	২.০০	-	-
৪৯৯১	অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	০.৮০	-	০.৮০	-	-
উপ-মোট (রাজস্ব ব্যয়)ঃ			**৩৫৯১.১৫**	**-**	**২২৫৪.১৪**	-	বাস্তব (-১৩৩৭.০১)
খ) মূলধন ব্যয়ঃ							
৬৮০০	**সম্পদ সংগ্রহ/ক্রয়**						
৬৮০৭	ডাবল কেবিন পিক-আপ (২৩০০-২৭০০ সিসি)	সংখ্যা	৫০.০০	১	৪৫.৭২	১	বাস্তব (-৪.২৮)
৬৮১৩	মেটেরিয়ালস্, ইক্যুইপমেন্টস্ এবং মেশিনারী	লট	৪২৩২৫.৬৫	-	৪২২৭৮.৩৯	-	বাস্তব (-৪৭.২৬)
	মেটেরিয়ালস্ ও ইক্যুইপমেন্টস্ (পাইপলাইন ও সিজিএস এবং সিটিএমএস)						
৬৮১৫	কম্পিউটার ও এক্সেসরিজ	সংখ্যা	৩.৮৫	৫	-	-	বাস্তব (-৩.৮৫)
৬৮১৯	অফিস সরঞ্জাম, ফিক্সার	থোক	৪.৫০	-	২.৫৭	-	বাস্তব (-১.৯৩)
৬৮২১	আসবাবপত্র	থোক	৬.০০	-	-	-	বাস্তব (-৬.০০)

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১		২	৩	৪	৫	৬	৭
৬৯০০	**ভূমি অধিগ্রহণ/ক্রয়**						
৬৯০১	ভূমি অধিগ্রহণ	হেক্টর	১২৫৯৮.১৭	৭৭.৯৩	৮৩৯০.৫১	৮৩.৮৮	বাস্তব (-৪২০৭.৬৬)
৬৯৪১	ভূমি অধিযাচন	হেক্টর	৪১৯৮.৩৭	১৩৮.০০	১১৪৬.৭২	১৩৩.০৬	বাস্তব (-৩০৫১.৬৫)
৭০০০	**পূর্ত নির্মাণ**						
৭০০১	ভূমি উন্নয়ন	ঘঃমিঃ	৪৯৩.৯৯	৮৫০০০.০০	৩৭৫.৬৭	৮৫০০০.০০	বাস্তব (-১১৮.৩২)
৭০০৬	অফিস ভবন	বঃমিঃ	২২০.৩৮	৪৩৯.০০	-	-	বাস্তব (-২২০.৩৮)
৭০১১	আবাসিক ভবন	বঃমিঃ	২৬৯.৭৭	৬৫২.০০	-	-	বাস্তব (-২৬৯.৭৭)
৭০১৬	অন্যান্য ভবন ও স্থাপনা	থোক	৩৫১.০৬	-	৫.৮৫	-	বাস্তব (-৩৪৫.২১)
৭০৮১	**অন্যান্য নির্মাণ**						
৭০৮১	ক) পাইপলাইন নির্মাণ ও অন্যান্য পাইপলাইন সম্পর্কিত কাঠামো	কিঃমিঃ	১৬০০০.০০	৮৯.৩৬৫	১৬০০০.০০	৮৯.৩৬৫	-
	খ) সিপি সিষ্টেম স্থাপন	কিঃমিঃ	৫০.০০	৯১.০০	৪৩.৩১	৯১.০০	বাস্তব (-৬.৬৯)
	গ) এইচডিডি ড্রিলিং পদ্ধতিতে নদী ক্রসিং	কিঃমিঃ	২৮৫৩.২৪	১.৬৩৫	২৮৫৩.২৪	১.৬৩৫	-
	ঘ) ইন্টারফেসিংসহ স্কাডা সিস্টেম স্থাপন	থোক	১৩৩.০০	-	-	-	বাস্তব (-১৩৩.০০)
	ঙ) আনোয়ারাতে ০১টি সিজিএস ও মহেশখালীতে ০১টি সিটিএমএস স্থাপন	সংখ্যা	২৪০৮.০৪	২	২৪০৮.০৩	২	বাস্তব (-০.০১)
৭৯০০	**মূলধন খাত ও সিডি ভ্যাট**						
৭৯০১	সিডি ভ্যাট	থোক	১৬০১৫.০২	-	১৩৬৩৫.৩১	-	বাস্তব (-২৩৭৯.৭১)
উপ-মোট (মূলধন ব্যয়)ঃ			৯৭৯৮১.০৪	**-**	৮৭১৮৫.৩২	-	বাস্তব (-১০৭৯৫.৭২)
৭৯৮১	ফিজিক্যাল কন্টিনজেন্সি (০.৯২%)		৯৫৭.৮৮	-	-	-	বাস্তব (-৯৫৭.৮৮)

অঙ্গের বিবরণ (ডিপিপি অনুযায়ী)		একক	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		বাস্তব অগ্রগতি		বিচ্যুতির কারণ (±)
			আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	
১		২	৩	৪	৫	৬	৭
	প্রাইস কন্টিনজেন্সি (১.৩৮%)		১৪৩৬.৯৩	-	-	-	বাস্তব (-১৪৩৬.৯৩)
	সর্বমোট ব্যয়		**১০৩৯৬৭.০০**	**-**	**৮৯৪৩৯.৪৬**	-	বাস্তব (-১৪৫২৭.৫৪)

* প্রকল্পের অনুকূলে প্রকৃত ব্যয় ৮৯৪৩৯.৪৬ লক্ষ টাকা যা সর্বশেষ অনুমোদিত মূল প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ১৪৫২৭.৫৪ লক্ষ টাকা কম।

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ :

প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে প্রদত্ত তথ্য এবং সরজমিন পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৯। পটভূমিঃ

প্রাকৃতিক গ্যাসের স্বল্পতার কারণে, বাংলাদেশ সরকার কর্তৃক বিদেশ থেকে তরল প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয় । এ লক্ষ্যে মহেশখালী দ্বীপে একটি এফএসআরইউ এলএনজি টার্মিনাল স্থাপন করা হয়। উক্ত টার্মিনালের মাধ্যমে আমদানীকৃত এলএনজি গ্যাসীয় আকারে রূপান্তর করে তা কেজিডিসিএল এলাকা ও জাতীয় গ্যাস গ্রীডে সরবরাহের নিমিত্ত প্রকল্পটি গ্রহণ করা হয়। দেশের জ্বালানি সংকট মেটানোর লক্ষ্যে বাংলাদেশ সরকার কর্তৃক মহেশখালী হতে আনোয়ারা পর্যন্ত ৩০" ব্যাসের ৯১ কিঃমিঃ গ্যাস সঞ্চালন পাইপলাইন জরুরি ভিত্তিতে নির্মাণের জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

১০। উদ্দেশ্যঃ প্রকল্পের ডিপিপি অনুসারে প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে:-

- ❖ চট্টগ্রামসহ সারাদেশে গ্যাসের ঘাটতি হ্রাস, গ্যাসের প্রবাহ বৃদ্ধি এবং বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্র, সার কারখানা ও বিভিন্ন শিল্প কারখানায় গ্যাস সরবরাহ নিশ্চিতকরণ।
- ❖ সরকার কর্তৃক তরল প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানীর মাধ্যমে দৈনিক প্রায় ৫০০ মিলিয়ন ঘনফুট গ্যাস জাতীয় গ্রীডে সঞ্চালনের নিমিত্ত বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ এর আওতায় মহেশখালী হতে আনোয়ারা পর্যন্ত ৩০" ব্যাসের ৯১ কিঃমিঃ পাইপলাইন নির্মাণ।
- ❖ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- ➢ ভূমি অধিগ্রহণ-৭৭.৯৩ হেক্টর, ভূমি অধিযাচন- ১৩৮.০০ হেক্টর এবং ভূমি উন্নয়ন- ৮৫০০০.০০ ঘঃ মিঃ;
- ➢ পাইপলাইন নির্মাণ ও অন্যান্য পাইপলাইন সম্পর্কিত কাঠামো- ৮৯.৩৬৫ কিঃ মিঃ;
- ➢ সিপি সিস্টেম স্থাপন-৯১ কিঃ মিঃ;

- ৬০০ MMSCFD Capacity সম্পন্ন কক্সবাজারের মহেশখালীতে ০১ (এক) টি Custody Transfer Metering Station (CTMS) ও ৬০০ MMSCFD Capacity সম্পন্ন চট্টগ্রামের আনোয়ারাতে ০১ (এক) টি City Gate Station (CGS) নির্মাণ;
- এইচডিডি পদ্ধতিতে ০৪ (চার) টি নদী (কোহেলী, উজানটিয়া, মাতামুহুরী ও সাঙ্গু) সমূহের তলদেশে পাইপলাইন স্থাপন - ১.৬৩৫ কিঃ মিঃ;
- অফিস ভবন নির্মাণ - ৪৩৯.০০ বঃ মিঃ এবং
- আবাসিক ভবন নির্মাণ - ৬৫২.০০ বঃ মিঃ ইত্যাদি।

১১। প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ

একনেক কর্তৃক গত ২৩-১২-২০১৪ তারিখে প্রকল্পটি অনুমোদিত হয়। পরবর্তীতে ০৫-০৪-২০১৬ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক প্রকল্পটি সংশোধন করা হয়।

১২। ক্রয় কার্যক্রমঃ

প্যাকেজ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ		মন্তব্য
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
পণ্য					
লাইন পাইপ ক্রয় (এ-১)	০৬/০৮/২০১১ ও ২৮২৪১.৪৬	০৮/০৪/২০১৫ ও ২৮৪৪৪.০৬	০৭/০১/২০১৬	০৭/০১/২০১৬	-
ইন্ডাকশন বেন্ড ক্রয় (এ-২)	০৬/০৮/২০১১ ও ১২৮০.৩০	২০/০৪/২০১৫ ও ৭৬৬.৯	২৭/১১/২০১৫	২৭/১১/২০১৫	-
বলভাল্ব এবং গেইট ভাল্ব ক্রয় (এ-৩)	৩০/০৯/২০১৪ ও ১৬০৪.৬৮	২৬/০৮/২০১৫ ও ৩৫৪.৪৭	১২/০৪/২০১৬	১২/০৪/২০১৬	-
পিগ ট্রেপস ক্রয় (এ-৪)	০৬/০৮/২০১১ ও ৪৭৩.৫১	০৪/০৫/২০১৫ ও ১৯৩.৩২	৩১/১২/২০১৫	৩১/১২/২০১৫	-
